# বার্ষিক প্রতিবেদন
# ২০২০-২১

**বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড**
**তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়**
**তথ্য ভবন, লেভেল (১৩ ও ১৪)**
**১১২ সার্কিট হাউজ রোড, রমনা**
**ঢাকা-১০০০।**

# সূচিপত্র


| ক্রমিক নং | বিবরণ | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ১ | ভূমিকা | ৩ |
| ২ | বোর্ড কার্যালয়ের সাংগঠনিক কাঠামো ও জনবলের বিবরণী | ৪-৫ |
| ৩ | বোর্ডের কার্যাবলি | ৬-৯ |
| ৪ | কর্মকর্তা/কর্মচারীদের নাম, পদবি ও টেলিফোন নম্বর | ১০ |
| ৫ | বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের সেবা গ্রহীতা | ১১ |
| ৬ | সেন্সর বোর্ডের সম্মানিত সদস্যগণের তালিকা | ১২ |
| ৭ | আপিল কমিটির সম্মানিত সদস্যগণের তালিকা | ১২ |
| ৮ | চলচ্চিত্র সেন্সর কার্যক্রমের ধাপসমূহ | ১৩-১৪ |
| ৯ | বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের ২০২০-২১ সালের কার্যক্রম | ১৫-২৮ |
| ১০ | জাতীয় চলচ্চিত্র পুরস্কার ২০১৯ | ২৯ |
| ১১ | রাজস্ব আয় | ২৯ |
| ১২ | মানবসম্পদ উন্নয়ন | ৩০ |
| ১৩ | আইন, বিধিমালা ও নীতিমালা | ৩১-৩২ |
| ১৪ | চলচ্চিত্র সেন্সরশিপ আইন ও বিধি সম্পর্কে সেবা গ্রহীতার জ্ঞাতব্য বিষয়াবলি | ৩৩-৩৪ |
| ১৫ | সরবরাহযোগ্য তথ্যের নথিভিত্তিক শ্রেণি বিন্যাস | ৩৫-৩৬ |
| ১৬ | বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড সংক্রান্ত তথ্য প্রদান | ৩৭ |
| ১৭ | চলচ্চিত্রের সনদপত্র প্রাপ্তি সংক্রান্ত সেবা প্রদান পদ্ধতি | ৩৮-৪০ |
| ১৮ | চলচ্চিত্র সংসদ (নিবন্ধন) আইন ২০১১ এবং নিবন্ধন পদ্ধতি | ৪১ |
| ১৯ | ২০২০-২১ অর্থবছরের বরাদ্দকৃত বাজেট ও প্রকৃত খরচ সংক্রান্ত বিবরণী | ৪২-৪৩ |
| ২০ | সেবা প্রাপ্তির জন্য যোগাযোগ | ৪৪ |

**ভূমিকা :**

বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড তথ্য মন্ত্রণালয়াধীন একটি ঐতিহ্যবাহী প্রতিষ্ঠান। সিনেমাটোগ্রাফ অ্যাক্ট ১৯১৮-এর মাধ্যমে এদেশে চলচ্চিত্র সেন্সরের কর্মকান্ড শুরু হয়। ১৯৫২ সালে 'ইস্ট বেঙ্গল বোর্ড অব ফিল্ম সেন্সরস' প্রতিষ্ঠার মাধ্যমে ফিল্ম সেন্সর বোর্ডের আনুষ্ঠানিক কর্মকান্ড শুরু হয়। বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড নামকরণটি করা হয় দেশ স্বাধীন হওয়ার পর ১৯৭২ সালে।

বিনোদনের পাশাপাশি জ্ঞান ও শিক্ষার প্রসার, সংস্কৃতির বিকাশ এবং উন্নত জাতিগঠন ও সমৃদ্ধ সমাজ বিনির্মাণে সারাবিশ্বে চলচ্চিত্র একটি শক্তিশালী গণমাধ্যম হিসেবে সমাদৃত। চলচ্চিত্র মানুষের মনে গভীর প্রভাব ফেলতে সক্ষম। সুস্থ চলচ্চিত্র যেমন জীবনের কথা বলে মানুষকে জীবনমুখী হতে শেখায়, তেমনি অসুস্থ চলচ্চিত্রের প্রভাব মানুষ ও সমাজকে বিপথগামী করতে পারে। তাই চলচ্চিত্র শিল্পের সাথে যারা সংযুক্ত তাদের বিশেষ দায়বদ্ধতা আছে। বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড সেই দায়বদ্ধতা থেকে চলচ্চিত্র শিল্প সংশ্লিষ্ট সকল মহলের সাথে ঐক্যবদ্ধ হয়ে কাজ করে চলেছে।

বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডে চলচ্চিত্র পরীক্ষণের জন্য ১৫ (পনেরো) সদস্যবিশিষ্ট একটি বিজ্ঞ সেন্সর বোর্ড রয়েছে। বোর্ড বিদ্যমান সেন্সর আইন, বিধিমালা ও কোড অনুসরণে সেন্সর কার্য সম্পাদন করে থাকে। সম্মানিত সচিব তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় পদাধিকারবলে বোর্ডের চেয়ারম্যান। তিনি বোর্ড সভায় সভাপতিত্ব করে থাকেন। দি সিনেমাটোগ্রাফ অ্যাক্ট ১৯১৮-তে মূলত সিনেমাটোগ্রাফ এবং সেন্সরশিপ অ্যাক্ট একসাথে ছিল। পরবর্তী পর্যায়ে সিনেমাটোগ্রাফ অ্যাক্ট, ১৯১৮ থেকে পৃথক করে ১৯৬৩ সালে দি সেন্সরশিপ অব ফিল্মস অ্যাক্ট ১৯৬৩ নামে আইন তৈরি করা হয়। মহামান্য রাষ্ট্রপতির ১৯৭২ সালের ৪১নং আদেশ বলে চলচ্চিত্র সেন্সরশিপ আইন ১৯৬৩ সংশোধিত আকারে গ্রহণ করা হয়। ২০০৬ সালে উক্ত আইনের বেশ কিছু ধারা সংশোধন করা হয়। The Censorship of Films Act 1963 এর ধারা-১০ অনুযায়ী The Bangladesh Censorship of Films Rules 1977 এবং তদানুসারে The Code for Censorship of Films in Bangladesh, 1985 প্রণীত হয়।

এই সকল আইন ও বিধিমালাকে যুগোপযোগী করার জন্য সরকার 'বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন আইন', প্রণয়নের উদ্যোগ গ্রহণ করেছে যা বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে। এই আইনটি প্রবর্তিত হলে সেন্সর বোর্ডের বিজ্ঞ সদস্যগণ দর্শকদের চাহিদা অনুযায়ী মানসম্পন্ন চলচ্চিত্র জনসাধারণের মধ্যে প্রদর্শনের জন্য অধিকতর তাৎপর্যপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হবেন এবং এটি দেশের চলচ্চিত্র শিল্পের সঙ্গে সম্পৃক্ত সকলের দীর্ঘদিনের প্রত্যাশা পূরণ করবে।

প্রজেকশন হলে চলচ্চিত্র স্ক্রিনিং ও পরীক্ষণ, চলচ্চিত্রের ওপর মতামত প্রদানের জন্য বোর্ড সভার সার্বিক আয়োজন এবং সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড দায়িত্ব পালন করে থাকে। ভাইস চেয়ারম্যান বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড কার্যালয়ের দপ্তর প্রধানের দায়িত্ব পালন করেন। বিধি মোতাবেক ভাইস চেয়ারম্যান ১৫ সদস্যবিশিষ্ট সেন্সর বোর্ডের সদস্য এবং তিনি চেয়ারম্যানের অনুপস্থিতিতে বোর্ড সভায় সভাপতিত্ব করার জন্য দায়িত্বপ্রাপ্ত।

প্রযুক্তিগত বিবর্তন এবং ডিজিটাল প্রযুক্তির ব্যাপক ব্যবহারের ফলে চলচ্চিত্রের নির্মাণ ও বিপণন কৌশলে ব্যাপক পরিবর্তন এসেছে। বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের কার্যক্রমও ডিজিটাইজড করা হচ্ছে। যে সকল চলচ্চিত্র ডিজিটাল (DCP) প্রযুক্তিতে ধারণ করা হয় সেগুলো দপ্তরের প্রজেকশন হলে প্রদর্শন ও পরীক্ষণের জন্যে ডিজিটাল সিনেমা প্যাকেজ সংগ্রহের উদ্যোগ নেওয়া হয়েছে।

সেন্সর বোর্ড দর্শকের ওপর বিশেষ করে নতুন প্রজন্মের ওপর চলচ্চিত্রের প্রভাব সম্পর্কে অত্যন্ত সচেতন। চলচ্চিত্রের অশ্লীলতা, নকল প্রবণতা ও দৈন্যদশা দূর করার জন্য বোর্ড বিদ্যমান সংশ্লিষ্ট আইনকানুন কঠোরভাবে প্রয়োগ করে থাকে এবং দেশের ঐতিহ্য, সংস্কৃতি ও সামাজিক মূল্যবোধকে আঘাত করে এমন চলচ্চিত্রের বিরুদ্ধে বিধিগত কঠোর অবস্থান নিয়ে থাকে। সেন্সর আইন অমান্য করে চলচ্চিত্র প্রদর্শিত হলে এবং চলচ্চিত্রের প্রচারকার্যে কোনো প্রকার বেআইনি কর্মকান্ড দেখা গেলে তা জেলা প্রশাসক, জেলা তথ্য অফিসার এবং সংশ্লিষ্ট থানার সহায়তায় তা বন্ধ করার ও আইনানুগ ব্যবস্থা নেয়া হয়। দেশের যে-কোনো নাগরিক চলচ্চিত্রের অশ্লীলতা সম্পর্কে কোনো অভিযোগ জানালে তাৎক্ষণিকভাবে বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হয়। চলচ্চিত্রের সচেতন দর্শকগণের সংবেদনশীলতা বৃদ্ধি ও সেন্সর বোর্ডের কর্মকর্তাদের কর্মকাণ্ডে নতুন মাত্রা যোগ হওয়ায় বর্তমানে চলচ্চিত্রের অশ্লীলতা হ্রাস পেয়েছে। নতুন প্রজন্মের বেশ কিছু চলচ্চিত্র নির্মাতা সৃষ্টি হয়েছে। তাদের অনেকেই সৃষ্টিশীলতা দিয়ে দেশের প্রতি অঙ্গীকারবদ্ধ থেকে চলচ্চিত্র নির্মাণ করছেন। বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের ফলশ্রুতিতে দেশে সুস্থ ধারার চলচ্চিত্র বিকাশের সুযোগ সৃষ্টি হয়েছে।

## বোর্ড কার্যালয়ের সাংগঠনিক কাঠামো ও জনবলের বিবরণী

বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের মোট অনুমোদিত জনবল ৩৩ জন :

- প্রথম শ্রেণির ০৩ (তিন)টি পদ (চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, বোর্ড সচিব)
- দ্বিতীয় শ্রেণির ০৬ (ছয়)টি পদ (চলচ্চিত্র পরিদর্শক)
- তৃতীয় শ্রেণির ১৮ (আঠারো)টি পদ এবং
- চতুর্থ শ্রেণির ০৬ (ছয়)টি পদ।

### জনবলের বিবরণী

| শ্রেণি | পদের নাম | অনুমোদিত পদসংখ্যা | কর্মরত জনবল | শূন্যপদ |
|---|---|---|---|---|
| প্রথম শ্রেণি | (১) চেয়ারম্যান (পদাধিকার বলে সম্মানিত তথ্য সচিব) | ১ | ১ | - |
| | (২) ভাইস চেয়ারম্যান | ১ | ১ | - |
| | (৩) সচিব | ১ | ১ | - |
| দ্বিতীয় শ্রেণি | (১) চলচ্চিত্র পরিদর্শক | ৬ | ৬ | - |
| তৃতীয় শ্রেণি | (১) প্রধান সহকারী | ১ | ১ | - |
| | (২) উচ্চমান সহকারী | ৪ | ৪ | - |
| | (৩) সাঁট-লিপিকার কাম- কম্পিউটার অপারেটর | ১ | ১ | - |
| | (৪) সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | ১ | - | ১ |
| | (৫) ক্যালিগ্রাফার | ১ | ১ | - |
| | (৬) মাল্টিমিডিয়া অপারেটর অ্যান্ড ভিডিও ক্যামেরাম্যান | ১ | ১ | - |
| | (৭) অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৪ | ৪ | - |
| | (৮) ড্রাইভার | ১ | ১ | - |
| | (৯) প্রজেকশনিস্ট | ২ | ১ | ১ |
| | (১০) ফটোকপি মেশিন অপারেটর | ১ | - | ১ |
| | (১১) অফিস সহায়ক (উচ্চ স্কেল) | ১ | - | ১ |
| চতুর্থ শ্রেণি | (১) অফিস সহায়ক | ৫ | ৪ | ১ |
| | (২) নিরাপত্তা প্রহরী | ১ | ১ | - |
| | মোট = | ৩৩ | ২৮ | ৫ |

প্রয়োজনের নিরীখে অর্থ মন্ত্রণালয়, জনপ্রশাসন মন্ত্রণালয় ও তথ্য মন্ত্রণালয়ের সম্মতিক্রমে অতিরিক্ত ০২ (দুই)টি পদে (পরিচ্ছন্নতা কর্মী-১, নিরাপত্তা প্রহরী-১) দুইজন কর্মচারী কর্মরত আছেন। তাদের চাকুরি সমাপ্তির সঙ্গে ঐসব পদের বিলুপ্তি ঘটবে।

**ORGANISATION**
BANGLADESH FILM CENSOR BOARD
MINISTRY OF INFORMATION

**Chairman** 33

Personnel : 1
1 X Chairman

**Vice Chairman** 32

Personnel : 3
1 X Vice Chairman
1 X Steno -Grapher Cum Computer Operator
1 X Office Support Staff

**Secretary** 29

Personnel : 3
1 X Secretary
1 X Steno-typist Cum Computer Operator
1 X Office Support Staff

26

**Section-1(Films)**

**PERSONNEL: 6**

3 X Film Inspector
1 X UDA
1 X Office Asst. Cum Computer Typist
1 X Office Support Staff

**Section-2 (Admin.)**

**PERSONNEL: 14**

1 X Head Assistant
2 X UDA
1 X Calligrapher
1 X Multimedia Operator & Video Cameraman
2 X Office Asst. Cum Computer Typist
2 X Projectionist
1 X Photocopy Operator
1 X Driver
1 X Office Support Staff (Senior Scale)
1 X Office Support Staff
1 X Security Guard

**Section-3 (Films)**

**PERSONNEL: 6**

3 X Film Inspector
1 X UDA
1 X Office Asst. Cum Computer Typist
1 X Office Support Staff

**SUMMARY OF MANPOWER**

| Sl No. | Class | Name of Post | Sanctioned |
|---|---|---|---|
| 1. | I | **Chairman (Ex-officio)** | **1** |
| | | **Vice-Chairman** | **1** |
| | | **Secretary** | **1** |
| 2. | II | **Film Inspector** | **6** |
| 3. | III | - | **18** |
| 4. | IV | - | **6** |
| | | **Grand Total =** | **33** |

| | | Existing |
|---|---|---|
| **1.** | **Transport :** | The board is authorized: a. 1x Car. Used on official purpose.<br>b. 1x Microbus |
| **2.** | **Air conditioner/ Coolers:** | The Board retain : 5 x Air-conditioners. |
| **3.** | **Office Equipment:** | The following office equipment's may be retained by the Board |
| | | (a) 1 x Duplicating Machine. |
| | | (b) 4 x Typewriter. The ratio of Bengali and English Typewriter will be 60: 40 |
| | | (c) 2 x Projector Machine-35 m.m. |
| | | (d) 2 x Digital Cinema Projector Machine |
| | | (e) 10 x Computer. |
| | | (f) 1 x Colour TV |
| | | (g) 1 x Power Generator |
| | | (h) 1 x Fax Machine. |
| | | (i) 1 x Multimedia Projector |
| | | (j) 1 x Plane Paper Photocopy Machine |

# বোর্ডের কার্যাবলি

- বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের প্রধান কাজ জনসাধারণের মধ্যে প্রদর্শিত হবে এমন সকল চলচ্চিত্র, ট্রেইলার, বিজ্ঞাপনচিত্র ইত্যাদি পরীক্ষা করে সেন্সর সনদপত্র প্রদান এবং সনদপ্রাপ্ত সকল চলচ্চিত্রের কপি সংরক্ষণ।
- সেন্সর সনদপত্রপ্রাপ্ত চলচ্চিত্রের প্রচার সামগ্রী যথা - পোস্টার, ফটোসেট, ব্যানার, ফেস্টুন, বিলবোর্ড ইত্যাদি অনুমোদন দেওয়া ;
- চলচ্চিত্র সেন্সরশিপ সম্পর্কিত সকল আইন ও বিধি বাস্তবায়ন করা ;
- সেন্সরশিপ আইন ও বিধির লঙ্ঘন এবং সিনেমা প্রদর্শনে অনিয়মের অভিযোগের ভিত্তিতে কার্যকর ও বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা ;
- জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রদানের জন্য গঠিত জুরি বোর্ডকে চলচ্চিত্র পরীক্ষণ ও সুপারিশ প্রণয়ন কাজে সাচিবিক সহায়তা প্রদান করা ;
- চলচ্চিত্র সংসদ (নিবন্ধন) আইন, ২০১১ অনুযায়ী 'চলচ্চিত্র সংসদ' (ফিল্ম ক্লাব) নিবন্ধন করা ;

## কর্মকর্তা/কর্মচারীদের দায়িত্বাবলি

| ক্র. নং | পদবি | কাজের বিবরণ |
|---|---|---|
| ১ | চেয়ারম্যান | ▸ পদাধিকারবলে সম্মানিত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের চেয়ারম্যান।<br>▸ সেন্সর বোর্ড সভায় সভাপতিত্ব করা, কার্যবিবরণী অনুমোদন করা এবং সেন্সরকৃত চলচ্চিত্রের সেন্সর সনদপত্র স্বাক্ষর করা;<br>▸ বিদ্যমান সেন্সরশিপ আইন ও বিধি মোতাবেক দায়িত্ব পালন ;<br>▸ চলচ্চিত্র সেন্সর আপিল কমিটির সভায় আহ্বায়কের দায়িত্ব পালন করা ;<br>▸ দপ্তরের কারিগরি এবং নীতি নির্ধারণী বিষয়ে পরামর্শ প্রদান ;<br>▸ দপ্তরের কর্মকান্ড নিয়ন্ত্রণ এবং তত্ত্বাবধান করা। |
| ২ | ভাইস চেয়ারম্যান | ▸ দপ্তর প্রধান হিসেবে দপ্তরের দৈনন্দিন কার্যক্রম পরিচালনা করা ;<br>▸ অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ-এর পত্র নম্বর অম/অবি/ব্য.নি.-১/ডিপি-১/২০০০/১৩, তারিখ: ০৩-০২-২০০৫ অনুযায়ী আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা প্রয়োগ করা;<br>▸ দপ্তরের ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের নিয়োগ, বদলি, পদোন্নতি ও অন্যান্য আর্থিক সুবিধা বিধি মোতাবেক প্রদান করা, অফিস শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা, অর্জিত ছুটি মঞ্জুর করা, কর্মকর্তা/ কর্মচারীদের মধ্যে দায়িত্ব বণ্টন করা;<br>▸ কর্মকর্তা/কর্মচারীদের বার্ষিক গোপনীয় প্রতিবেদনে অনুস্বাক্ষর করা ;<br>▸ বোর্ড সচিবের বার্ষিক গোপনীয় প্রতিবেদন লেখা ;<br>▸ বোর্ড সভায় প্রতিনিধিত্ব করা, অন্যান্য সংস্থার গঠনতন্ত্র মোতাবেক সময় সময় জাতীয় ও আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে আয়োজনে সহায়তা করা ;<br>▸ চলচ্চিত্রের প্রচার সামগ্রী অনুমোদন করা, চলচ্চিত্রের ট্রেইলারের সেন্সর সনদপত্র স্বাক্ষর করা;<br>▸ ফিল্ম সেন্সর আপিল কমিটির সভায় অংশগ্রহণ করা এবং সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করা;<br>▸ জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জন্য গঠিত জুরি বোর্ডের সভায় অংশগ্রহণ করা এবং সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করা;<br>▸ বিভিন্ন আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে প্রদর্শনের জন্য দেশীয় চলচ্চিত্র নির্বাচনে সহায়তা করা;<br>▸ The Censorship of Films Act 1963 (Amended 2006), The Bangladesh Censorship of Films Rules 1977, The Code for Censorship of Films in Bangladesh, 1985, The Cinematograph Act 1918, চলচ্চিত্র সংসদ (নিবন্ধন) আইন ২০১১ এবং অন্যান্য বিদ্যমান আইন, বিধি ও আদেশ বাস্তবায়ন করা ; |

| | | |
|---|---|---|
| | | ⏩ আমদানিকৃত চলচ্চিত্রের বৈধতা পরীক্ষণপূর্বক সেন্সর আবেদন বিবেচনা করা;<br>⏩ আমদানিকৃত চলচ্চিত্র ছাড়করণের বিষয়ে বৈধতা যাচাইপূর্বক শুল্কায়ন কর্তৃপক্ষ বরাবর লিখিত অনাপত্তি প্রদান ;<br>⏩ সেন্সরবিহীন চলচ্চিত্র প্রদর্শনের দায়ে সিনেমা হল থেকে প্রদর্শিত চলচ্চিত্র জব্দ করার জন্য সংশ্লিষ্ট স্থানীয় পুলিশ প্রশাসনকে জব্দপত্র প্রেরণ করা ;<br>⏩ আদালতের নির্দেশে জব্দকৃত সিডি/ভিসিডি/ডিভিডি/কম্পিউটার সিপিইউ পরীক্ষাপূর্বক মতামত প্রদান করা;<br>⏩ দপ্তরের কর্মকান্ড সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন সরকার বরাবর পেশ করা ;<br>⏩ চলচ্চিত্রের উন্নয়নের বিষয়ে সরকার বরাবর সুপারিশ করা ;<br>⏩ সরকার/চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত অন্য যে-কোনো দায়িত্ব যথাযথভাবে পালন করা। |
| ৩ | সচিব | ⏩ বোর্ডকে সকল প্রকার সাচিবিক কাজের দায়িত্ব পালন ;<br>⏩ দপ্তরের যে সকল চলচ্চিত্র, ট্রেইলার, বিজ্ঞাপনচিত্র ইত্যাদি পরীক্ষার জন্য জমা হয় তা যথাযথভাবে বোর্ডে পরীক্ষা ও সিদ্ধান্তের জন্য পেশ করা ;<br>⏩ বোর্ড সদস্যদেরকে সকল প্রকার সেন্সর আইন ও বিধিমালার বিষয়ে সহায়তা করা ;<br>⏩ বোর্ডের সিদ্ধান্ত বাস্তবায়ন করা ;<br>⏩ সেন্সর সনদপত্রের জন্য জমাকৃত চলচ্চিত্র, ট্রেইলার, বিজ্ঞাপনচিত্র ইত্যাদির সারসংক্ষেপ, সংলাপ, কাহিনি এবং অন্যান্য প্রাসঙ্গিক কাগজপত্র পরীক্ষা করে বোর্ডে পরীক্ষা-নিরীক্ষা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা ;<br>⏩ আমদানিকৃত চলচ্চিত্রের সনদপত্রের জন্য পেশকৃত দরখাস্তের ভিত্তিতে চলচ্চিত্রের আমদানির সাথে সংশ্লিষ্ট সকল কাগজপত্র বিল অব এন্ট্রি, আমদানি লাইসেন্স/অনুমতি, ঋণপত্র, চলচ্চিত্র নির্মাণকারী দেশ বা উৎস বিতরণ অধিকারের চুক্তি পরীক্ষণের জন্য ট্রেজারি চালানের মাধ্যমে ফি জমা দেওয়ার রশিদ, প্রেসবুক ইত্যাদি পরীক্ষা করা ;<br>⏩ জনসাধারণের মধ্যে প্রদর্শনের জন্য বাংলাদেশস্থ বিদেশি দূতাবাস/কূটনৈতিক মিশন যে সকল চলচ্চিত্র বোর্ডে জমা দিয়ে থাকে তৎসংশ্লিষ্ট কাগজপত্র পরীক্ষা করে বোর্ডের সিদ্ধান্তের জন্য নথি প্রস্তুত করা ;<br>⏩ বোর্ডের সিদ্ধান্ত মোতাবেক সেন্সর সনদপত্র প্রস্তুত করা ও স্বাক্ষরের পর তা জারি করা;<br>⏩ আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব আয়োজনে সহায়তা প্রদান ;<br>⏩ জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রদান বিষয়ক জুরি বোর্ডকে সহযোগিতা করা ;<br>⏩ কর্মচারীদের সার্ভিস বুক সংরক্ষণ করা এবং অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীদের বার্ষিক গোপনীয় প্রতিবেদন লেখা;<br>⏩ দপ্তরের কর্মচারীদের সাজ-পোশাক সরবরাহের বিষয়টি নিশ্চিত করা ;<br>⏩ ভাইস চেয়ারম্যানকে তাঁর দায়িত্ব পালনে সার্বিক সহযোগিতা প্রদান। |
| ৪ | চলচ্চিত্র পরিদর্শক | ⏩ জমাকৃত চলচ্চিত্র প্রাথমিকভাবে পরীক্ষা-নিরীক্ষা করে তা নথি আকারে সচিবের নিকট উপস্থাপন করা ;<br>⏩ বিভিন্ন প্রেক্ষাগৃহ পরিদর্শন করা ;<br>⏩ সিনেমা হলে সেন্সরবিহীন চলচ্চিত্র প্রদর্শিত হলে কিংবা চলচ্চিত্র আইন ও বিধি ভঙ্গ করা হলে তা আইনগতভাবে ব্যবস্থা নেয়ার লক্ষ্যে দপ্তর সচিবের নজরে আনা ;<br>⏩ বিভিন্ন চলচ্চিত্রের ব্যানার, পোস্টার, পেপার-লে আউট, স্থিরচিত্র ইত্যাদি পরীক্ষা করে দেখা ;<br>⏩ কোনো সিনেমা হল পরিদর্শনকালে জব্দকৃত চলচ্চিত্র পরীক্ষা-নিরীক্ষা করে সচিবের কাছে প্রাথমিক প্রতিবেদন প্রদান ;<br>⏩ যে সকল চলচ্চিত্র সেন্সরের জন্য জমা হয় তার তালিকা, কলাকুশলীদের বিস্তারিত বিবরণ, রক্ষণাবেক্ষণ ও সেন্সরের জন্য উপস্থাপন ;<br>⏩ সিনিয়র চলচ্চিত্র পরিদর্শক উপরোক্ত দায়িত্ব ছাড়াও প্রশাসন এবং অর্থ শাখার |

| | | |
|---|---|---|
| | | কাজ তদারক করা ;<br>▸▸ বোর্ড সচিবকে তাঁর কাজে সার্বিক সহায়তা প্রদান ;<br>▸▸ উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে যে-কোনো দায়িত্ব পালন করা।<br><br>বর্ণিত দায়িত্ব ছাড়াও চেয়ারম্যান অথবা ভাইস চেয়ারম্যান কর্তৃক বিভিন্ন সময়ে বোর্ড সচিবকে যে সকল দায়িত্ব দেওয়া হয় তা পালনে সহায়তা করা। |
| ৫ | প্রধান সহকারী | দপ্তরের উচ্চমান সহকারীদের কাজের তদারকি, নথিপত্র উপস্থাপন ও সংরক্ষণ, প্রধান সহকারী হিসেবে দপ্তরের অন্যান্য যাবতীয় সংশ্লিষ্ট কাজ সম্পাদন এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে যে-কোনো কাজ করা। |
| ৬ | সাঁট লিপিকার কাম-কম্পিউটার অপারেটর | ভাইস চেয়ারম্যান মহোদয়ের দাপ্তরিক টেলিফোনে যোগাযোগ করাসহ ব্যক্তিগত শ্রুতিলিখন, কম্পিউটারে সম্পাদনযোগ্য সকল কাজ, বিভাগীয় নথিপত্র রক্ষণাবেক্ষণ, নথি গ্রহণ ও প্রেরণ, অ্যাপয়ন্টমেন্টসহ অর্পিত সকল দায়িত্ব পালন করা; উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে যে-কোনো কাজ করা।<br><br>দপ্তরে অবস্থান : সাধারণত সকাল ৯-৫টা। তবে ভাইস চেয়ারম্যান অফিস ত্যাগ না করা পর্যন্ত অফিসে অবস্থান। |
| ৮ | উচ্চমান সহকারী | শাখার নথিপত্র উপস্থাপন, যথাযথভাবে নথিপত্র রক্ষণাবেক্ষণ এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে যে-কোনো কাজ করা। |
| ৯ | মাল্টিমিডিয়া অপারেটর অ্যান্ড ভিডিও ক্যামেরাম্যান | ডিজিটাল/মাল্টিমিডিয়া প্রজেক্টর মেশিন পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করা; যে সকল চলচ্চিত্রের সেন্সর সম্পন্ন হয়েছে তার তালিকা এবং কর্তনের ক্ষেত্রে কর্তন তালিকার রেকর্ড সংরক্ষণ; প্রজেকশনের কাজ তদারকিসহ একজন পরিদর্শকের তত্ত্বাবধানে কাজ করা; উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে যে-কোনো কাজ করা।<br>দপ্তরে অবস্থান : ৯-৫টা। ডিজিটাল চলচ্চিত্র সেন্সরের সময় সেন্সর শো সমাপ্ত হওয়া পর্যন্ত। |
| ১০ | সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | বোর্ড সচিবের দপ্তরের কাজ করা, যেমন - শ্রুতিলিখন, কম্পিউটারে সম্পাদনযোগ্য কাজ, নথিপত্র গ্রহণ ও প্রেরণ, নথিপত্র সংরক্ষণ, ভিডিও ক্যাসেট সংরক্ষণ; বোর্ড সচিবের পক্ষে চলচ্চিত্রের সেন্সর আবেদনপত্র গ্রহণ এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে যে-কোনো কাজ।<br>দপ্তরে অবস্থান : সকাল ৯-৫টা। সেন্সরকালে সেন্সর শো'র পর সভা শেষে দপ্তরের সচিব অফিস ত্যাগ না করা পর্যন্ত । |
| ১১ | ক্যালিগ্রাফার | সেন্সর সনদপত্র প্রস্তুত করা এবং মাল্টিমিডিয়া অপারেটর অ্যান্ড ভিডিও ক্যামেরাম্যানের সাথে পারস্পরিক যোগাযোগের মাধ্যমে কাটিং তালিকা কম্পিউটারে ও রেজিষ্টারে লিপিবদ্ধ করা; চলচ্চিত্রের নথি সংরক্ষণ ও সরবরাহ করা; এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে যে-কোনো কাজ। |
| ১২ | অফিস সহকারী কাম- কম্পিউটার অপারেটর | সংশ্লিষ্ট শাখার কম্পিউটার কম্পোজ, নথিপত্র যথাযথভাবে সংরক্ষণ, নোট তৈরিসহ উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত সকল দায়িত্ব পালন এবং কম্পিউটারে সম্পাদনযোগ্য সকল অর্পিত দায়িত্ব পালন করা। |
| ১৩ | ড্রাইভার | অফিসের গাড়ি চালানো এবং গাড়ি রক্ষণাবেক্ষণ, নিয়মিত পরিষ্কার, ধোয়া-মোছা ইত্যাদি কাজসহ উর্ধ্বতন কর্তৃপক্ষের যে-কোনো নির্দেশ পালন করা।<br>দপ্তরে অবস্থান : অফিস শুরু হওয়ার কমপক্ষে ১ ঘণ্টা পূর্বে অথবা যুক্তিযুক্ত সময়ে (গাড়ি পরিষ্কার-পরিচ্ছন্ন করা, গাড়ি চালু করে পরীক্ষা করা) গাড়ি বের করে সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে অফিসে আনা-নেয়া এবং দায়িত্ব শেষে গাড়ি সঠিকভাবে পার্ক করে রাখা পর্যন্ত। |
| ১৪ | প্রজেকশনিস্ট | ৩৫ মি. মি. মেশিন এবং ডিজিটাল প্রজেক্টর পরিচালনা ও মেশিন রক্ষণাবেক্ষণ করা; মাল্টিমিডিয়া অপারেটর অ্যান্ড ভিডিও ক্যামেরাম্যানের কাজের সাথে সম্পৃক্ত থাকা এবং পর্যায়ক্রমে সকল কাজ শিখে নেয়া; উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক দায়িত্ব পালন করা। কর্মকাল : সকাল ৯-৫টা। চলচ্চিত্র সেন্সরের সময় সেন্সর শো সমাপ্তি পর্যন্ত। |
| ১৫ | ফটোকপি মেশিন অপারেটর | ফটোকপিয়ার ও ফ্যাক্স মেশিন পরিচালনা করা এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক দায়িত্ব পালন করা। |
| ১৬ | অফিস সহায়ক (উচ্চ স্কেল) | অফিসের দলিল-দস্তাবেজ, নথিপত্র বান্ডিং করা এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের যে-কোনো নির্দেশ পালন করা। |

| | | |
|---|---|---|
| ১৭ | অফিস সহায়ক | সংশ্লিষ্ট কর্মকর্তাদের চেয়ার-টেবিল পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা, খাবার পরিবেশন, শাখার নথিপত্র গ্রহণ ও বিতরণ এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের যে-কোনো নির্দেশ যথাযথভাবে পালন করা।<br>কর্মকাল: অফিস শুরু হওয়ার অন্তত ১৫ মিনিট পূর্বে এবং সংশ্লিষ্ট কর্মকর্তা অফিস ত্যাগ না করা পর্যন্ত অফিসে অবস্থান করা। |
| ১৮ | নিরাপত্তা প্রহরী | সকাল ৮-০০ টা থেকে রাত ৮-০০ টা এবং রাত ৮-০০টা থেকে সকাল ৮-০০টা পর্যন্ত পর্যায়ক্রমে অফিস প্রাঙ্গণের নিরাপত্তার দায়িত্ব পালন করা এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক কাজ করা। |
| ১৯ | পরিচ্ছন্নতা কর্মী | দপ্তরের আসবাবপত্রসহ পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজ সম্পাদন করা। যেমন- নিয়মিত বাথরুম পরিষ্কার করা, ফ্লোর মোছা, দপ্তরের চেয়ার-টেবিল মোছাসহ উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে যে-কোনো কাজ করা।<br>** অফিস শুরু হওয়ার ২ ঘণ্টা পূর্বে পরিষ্কার-পরিচ্ছন্নতার সকল কাজ সম্পন্ন করতে হবে। |

# কর্মকর্তা-কর্মচারীদের নাম, পদবি ও টেলিফোন নম্বর

| ক্র. নং | কর্মকর্তা-কর্মচারীদের নাম | পদবি | টেলিফোন নম্বর |
|---|---|---|---|
| ১. | জনাব মো: মকবুল হোসেন | চেয়ারম্যান | ২২৩৩৫৬৬১৮ |
| ২. | জনাব মো: জসীম উদ্দিন | ভাইস চেয়ারম্যান | ৮৩০০৬২০ |
| ৩. | জনাব মো. মমিনুল হক | সচিব | ৮৩০০৬২৩ |
| ৪. | জনাব মো: ওবাইদুল কবির মোল্লা | চলচ্চিত্র পরিদর্শক | ০১৭১২-৮৪০৪২৯ |
| ৫. | জনাব মোহাম্মদ নুরুল আমিন | চলচ্চিত্র পরিদর্শক | ০১৫৫৬-৫৮১৪৮২ |
| ৬. | মিজ রেখা | চলচ্চিত্র পরিদর্শক | ০১৯১৪-৯৭৮৪৭৩ |
| ৭. | জনাব আবদুল মালেক | চলচ্চিত্র পরিদর্শক | ০১৭১৭-৬৫১৯৩৪ |
| ৮. | জনাব মো: আব্দুল মমিন | চলচ্চিত্র পরিদর্শক | ০১৭৩৭-৪৯৭১৫০ |
| ৯. | জনাব মো: আরিফুর রহমান | চলচ্চিত্র পরিদর্শক | ০১৯২১-০৮৩৯৭৯ |
| ১০. | জনাব মুহাম্মদ সাদেকুর রহমান | প্রধান সহকারী | ০১৯২১-৩৭৩১১৮ |
| ১১. | জনাব মোহাম্মদ সফিকুল ইসলাম | উচ্চমান সহকারী | ০১৭১২-৫৩২৩১৬ |
| ১২. | জনাব মো: আমিনুল হক সরদার | উচ্চমান সহকারী | ০১৭৪৫-৮৬৫৯৫৭ |
| ১৩. | মিসেস হ্যাপি রায় | উচ্চমান সহকারী | ০১৭১৪-৫৪৯৯২৭ |
| ১৪. | মিসেস নাসরিন আক্তার মিলি | উচ্চমান সহকারী | ০১৭৪১-৭৯৬০৭৭ |
| ১৫. | জনাব মো: হাফিজুর রহমান | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর | ০১৭৩৮-২৩০৫০৩ |
| ১৬. | জনাব ওমর ফারুক | মাল্টিমিডিয়া অপারেটর এন্ড ভিডিও ক্যামেরাম্যান | ০১৯১১-২০৪৭৪০ |
| ১৭. | জনাব মানিক চন্দ্র বিশ্বাস | ক্যালিগ্রাফার | ০১৭৫৩৭৯২৩০১ |
| ১৮. | জনাব সোলাইমান মিয়া | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০১৮৩৭-১৭৮৬৩৯ |
| ১৯. | জনাব আব্দুল আল রোবায়েত | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০১৭৪৯-২০৫৭৭৩ |
| ২০. | জনাব মো: আমির হোসেন | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০১৮৩৩-৪২০৪০০ |
| ২১. | জনাব মো: আবুল কালাম আজাদ | ফটোকপি অপারেটর | ০১৭১০-৭৬৬১২১ |
| ২২. | জনাব মো: আনিস আহমেদ | প্রজেকশনিস্ট | ০১৭৫৯৯৭৯৮৬৫ |
| ২৩. | শ্রী জয়দেব চন্দ্র দাস | ড্রাইভার | ০১৯১১-২২৮৮৯৩ |
| ২৪. | জনাব মো: আক্তার উদ্দিন | অফিস সহায়ক | ০১৭০১-৮৮৪৪০৬ |
| ২৫. | জনাব মো: রুহুল ইসলাম | অফিস সহায়ক | ০১৭৬৮-৬০৮১৬০ |
| ২৬. | জনাব হৃদয় দাস | অফিস সহায়ক | ০১৬১৯-৭০৯৬২৬ |
| ২৭. | মো: আরমান হোসেন | অফিস সহায়ক | ০১৬২৩-২৬৭৭৬৪ |
| ২৮. | জনাব মোহাম্মদ আলী | নিরাপত্তা প্রহরী | ০১৭৬৪-৫১৪১৩৬ |
| ২৯. | জনাব মো: আশরাফুল আলম | নিরাপত্তা প্রহরী | ০১৭৪৮-২৩০৬৭০ |
| ৩০. | জনাব মো: রুবেল মিঞা | পরিচ্ছন্নতা কর্মী | ০১৭২৫-০৬৯৬০৪ |

# বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের সেবা গ্রহীতা

- বাংলাদেশের অনুমোদিত প্রেক্ষাগৃহসমূহে বাণিজ্যিক ভিত্তিতে প্রদর্শনের জন্য বাংলাদেশে নির্মিত পূর্ণদৈর্ঘ্য/স্বল্পদৈর্ঘ্য/ প্রামাণ্য চলচ্চিত্র নির্মাতা প্রতিষ্ঠান ;
- বিদেশে নির্মিত বাণিজ্যিক চলচ্চিত্র বাংলাদেশে প্রদর্শনের জন্য সংশ্লিষ্ট চলচ্চিত্রের আমদানিকারক প্রতিষ্ঠান ;
- দূতাবাসের বাইরে জনসাধারণের মধ্যে নিজস্ব চলচ্চিত্রসমূহ প্রদর্শনের জন্য বাংলাদেশস্থ সংশ্লিষ্ট বিদেশি দূতাবাসসমূহ;
- বিভিন্ন দেশি-বিদেশি চলচ্চিত্র প্রদর্শন/উৎসব অনুষ্ঠানের জন্য বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের নিবন্ধীকৃত ফিল্ম ক্লাবসমূহ;
- বাংলাদেশের অনুমোদিত প্রেক্ষাগৃহসমূহে প্রদর্শনের নিমিত্তে নির্মিত বিভিন্ন বিজ্ঞাপনচিত্রের নির্মাতা প্রতিষ্ঠান ।

## বোর্ডের সম্মানিত সদস্যগণের তালিকা

জনসাধারণের মধ্যে প্রদর্শনের উদ্দেশ্যে সেন্সর সনদপত্র প্রাপ্তির জন্য আবেদনকৃত চলচ্চিত্রসমূহ পরীক্ষণপূর্বক সনদপত্র প্রদানের লক্ষ্যে সরকার প্রতি অর্থবছরে চলচ্চিত্র সেন্সর বোর্ড গঠন করে থাকে। তথ্য মন্ত্রণালয়ের সম্মানিত সচিব পদাধিকার বলে বোর্ডের চেয়ারম্যান। তিনি এবং বোর্ডের ভাইস চেয়ারম্যানসহ ১৫ (পনেরো) জন সদস্য নিয়ে বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড গঠিত হয়। সেন্সর বোর্ডের সম্মানিত সদস্যগণের নামের তালিকা নিম্নে প্রদত্ত হলো :

| ক্র. নং | চেয়ারম্যান ও সদস্যগণের নাম/পরিচিতি | বোর্ডে অবস্থান |
|---|---|---|
| ১. | সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | চেয়ারম্যান |
| ২. | জনাব মো: গোলাম সারওয়ার, সচিব, আইন ও বিচার বিভাগ | সদস্য |
| ৩. | জনাব ইহসানুল করিম, মাননীয় প্রধানমন্ত্রীর প্রেস সচিব | সদস্য |
| ৪. | জনাব জাহানারা পারভীন, অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র), তথ্য মন্ত্রণালয় | সদস্য |
| ৫. | জনাব মো: আবু বকর সিদ্দিক, অতিরিক্ত সচিব (রাজনৈতিক ও আইসিটি অনুবিভাগ), স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| ৬. | জনাব নুজহাত ইয়াসমিন, ব্যবস্থাপনা পরিচালক , বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন | সদস্য |
| ৭. | জনাব শেখ সাদি খাঁন, সংগীত পরিচালক | সদস্য |
| ৮. | জনাব ম. হামিদ, চলচ্চিত্র ও নাট্য ব্যক্তিত্ব | সদস্য |
| ৯. | জনাব শাবান মাহমুদ, বিশিষ্ট সাংবাদিক | সদস্য |
| ১০. | জনাব আবদুস সামাদ খোকন, চলচ্চিত্র পরিচালক | সদস্য |
| ১১. | জনাব খোরশেদ আলম খসরু, সাবেক সিনিয়র সহ-সভাপতি, বাংলাদেশ চলচ্চিত্র প্রযোজক সমিতি | সদস্য |
| ১২. | জনাব মুশফিকুর রহমান গুলজার, সভাপতি, বাংলাদেশ চলচ্চিত্র পরিচালক সমিতি | সদস্য |
| ১৩. | মিজ অরুনা বিশ্বাস, চলচ্চিত্র অভিনেত্রী | সদস্য |
| ১৪. | জনাব রানা হামিদ, চলচ্চিত্র অভিনেতা | সদস্য |
| ১৫. | জনাব মো: জসীম উদ্দিন, ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড | সদস্য-সচিব |

## আপিল কমিটির সম্মানিত সদস্যগণের তালিকা

বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল আবেদন বিবেচনার জন্য সরকার কর্তৃক গঠিত ৭ সদস্যবিশিষ্ট একটি ফিল্ম সেন্সর আপিল কমিটি রয়েছে। এটি গত ২৬-০২-২০১৯ খ্রি. তারিখে পুনর্গঠিত হয়। আপিল কমিটির সম্মানিত সভাপতি ও সদস্যগণের নামের তালিকা নিম্নে প্রদত্ত হলো :

| ক্র. নং | সভাপতি ও সদস্যগণের নাম/পরিচিতি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১. | মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ | সভাপতি |
| ২. | মিজ সুবর্ণা মোস্তফা, মাননীয় সংসদ সদস্য, সংরক্ষিত মহিলা আসন | সদস্য |
| ৩. | সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড | আহ্বায়ক |
| ৪. | জনাব সালাউদ্দিন বাদল, সহ-সভাপতি, সম্মিলিত সাংস্কৃতিক জোট, ৭ উত্তর মৈশুন্ডী, ওয়ারি, ঢাকা | সস্য |
| ৫. | মিজ লাকী ইনাম, বিশিষ্ট অভিনয় শিল্পী, ফ্ল্যাট-কে/৭, বেইলী রিজ, ১ নিউ বেইলী রোড, ঢাকা | সদস্য |
| ৬. | জনাব শ্যামল দত্ত, সম্পাদক, দৈনিক ভোরের কাগজ, কর্ণফুলী পয়েন্ট, মালিবাগ, ঢাকা | সদস্য |
| ৭. | জনাব মো: জসীম উদ্দিন, ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড, ঢাকা | সদস্য-সচিব |

# চলচ্চিত্র সেন্সর কার্যক্রমের ধাপসমূহ

The Censorship of Films Act 1963 (Amended 2006), The Bangladesh Censorship of Films Rules 1977 এবং The Code for Censorship of Films in Bangladesh 1985 মোতাবেক চলচ্চিত্র সেন্সরের ক্ষেত্রে নিম্নবর্ণিত ধাপসমূহ অনুসরণ করা হয় :

## একনজরে ধাপসমূহ

ধাপ-১: আবেদন ফরম জমা এবং ডিভিডি ও কাগজপত্র যাচাই
ধাপ-২: সেন্সর সূচিভুক্তি, পরীক্ষণ ও সনদপত্র প্রদান বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ
ধাপ-৩: বিনা কর্তনে পাশ হলে সরাসরি সনদপত্র প্রদান
ধাপ-৪: কর্তন/সংশোধন সাপেক্ষে পাশ হলে তা নিশ্চিত করে সনদপত্র প্রদান
ধাপ-৫: সেন্সর বোর্ড কর্তৃক প্রদর্শন অনুপযোগী বিবেচিত হওয়া, আপিল এবং আপিলে নিষ্পত্তি
ধাপ-৬: আপিল আবেদন অগ্রাহ্য, আপিল কমিটিতে প্রদর্শন অনুপযোগী বিবেচিত এবং সনদপত্রবিহীন চলচ্চিত্র ঘোষণা
ধাপ-৭: চলচ্চিত্রের রিভাইজড ভার্সনের জন্য সেন্সর সনদপত্রের আবেদন

## ধাপসমূহের বিবরণ

### ধাপ-১: আবেদন ফরম জমা এবং ডিভিডি ও কাগজপত্র যাচাই

১.১. সেবা গ্রহীতা বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের ওয়েবসাইট/অফিস থেকে ফরম-১ এবং চলচ্চিত্রের প্রযোজক, সংগীত পরিচালক ও কাহিনিকারের হলফনামাসহ বোর্ড কার্যালয়ের চাহিদা মোতাবেক অন্যান্য কাগজপত্র পূরণ করে চলচ্চিত্রের ডিভিডিসহ সেন্সর বোর্ডের সচিবের দপ্তরে জমা দিবেন।

১.২. বোর্ড সচিব একজন চলচ্চিত্র পরিদর্শককে আবেদনটি নিষ্পত্তির লক্ষ্যে দায়িত্ব প্রদান করবেন।

১.৩. সংশ্লিষ্ট চলচ্চিত্র পরিদর্শক চলচ্চিত্রের প্রযোজক/প্রতিনিধিকে নিয়ে প্রজেকশন রুমে চলচ্চিত্রটির ডিভিডির সচলতা পরীক্ষা করবেন এবং সংশ্লিষ্ট কাগজপত্র দেখে নিবেন।

১.৪. ডিভিডি সচল ও কাগজপত্র সঠিক হলে আবেদন জমা নিয়ে প্রাপ্তি রশিদ দেওয়া হবে।

### ধাপ-২: সেন্সর সূচিভুক্তি, পরীক্ষণ ও সনদপত্র প্রদান বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ

২.১. চলচ্চিত্রের ডিভিডি সচল ও সংশ্লিষ্ট কাগজপত্র সঠিক থাকলে চলচ্চিত্রটির সেন্সর সনদের জন্য পরীক্ষণের লক্ষ্যে সূচিভুক্ত হয়।

২.২. নির্ধারিত তারিখ ও সময়ে সেন্সর বোর্ডের সম্মানিত সদস্যবৃন্দ চলচ্চিত্রটি পরীক্ষা করেন।

২.৩. পরীক্ষণের পর বোর্ডের সম্মানিত সদস্যবৃন্দের সর্বসম্মত বা সংখ্যাগরিষ্ঠের মতামতের ভিত্তিতে বোর্ডের চেয়ারম্যান মহোদয় চলচ্চিত্রটির সেন্সর সনদপত্র বিষয়ে সিদ্ধান্ত প্রদান করেন।

### ধাপ-৩: বিনা কর্তনে পাশ হলে সরাসরি সনদপত্র প্রদান

৩.১. চলচ্চিত্রটি বিনা কর্তনে পাশ হলে সরাসরি সেন্সর সনদপত্র প্রস্তুতির কার্যক্রম গ্রহণ করা হয়।

৩.২. চেয়ারম্যান মহোদয় (তাঁর অনুপস্থিতিতে ভাইস চেয়ারম্যান) কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র চলচ্চিত্রের প্রযোজক/মনোনীত প্রতিনিধির হাতে হস্তান্তর করা হয়।

### ধাপ-৪: কর্তন/সংশোধন সাপেক্ষে পাশ হলে তা নিশ্চিত করে সনদপত্র প্রদান

৪.১. চলচ্চিত্রটি কর্তন/সংশোধন সাপেক্ষে পাশ হলে এ বিষয়ে সেন্সর বোর্ডের সিদ্ধান্ত গ্রহণের ১৫ দিনের মধ্যে সংশ্লিষ্ট চলচ্চিত্রের প্রযোজককে পত্রের মাধ্যমে জানিয়ে দেওয়া হয়।

৪.২. প্রযোজক বোর্ডের সিদ্ধান্ত বাস্তবায়নে সম্মত হলে তদানুযায়ী কর্তন/সংশোধন করে চলচ্চিত্রের ডিভিডি সেন্সর বোর্ডে জমা দেন।

৪.৩. কর্তন/সংশোধন প্রযোজ্য ক্ষেত্রে বোর্ড কার্যালয়ের কর্মকর্তাগণ প্রশাসনিকভাবে পরীক্ষা করে বোর্ড সভায় প্রতিবেদন দাখিল করেন।

৪.৪. কর্তন/সংশোধনের ক্ষেত্রে সেন্সর বোর্ডের সিদ্ধান্ত প্রতিপালিত হয়েছে মর্মে প্রতীয়মান হলে কর্তন/সংশোধন সাপেক্ষে সেন্সর সনদপত্র প্রদান করা হয়।

**ধাপ-৫: সেন্সর বোর্ড কর্তৃক প্রদর্শন অনুপযোগী বিবেচিত হওয়া, আপিল ও আপিলে নিষ্পত্তি**

৫.১. সেন্সর বোর্ড কর্তৃক চলচ্চিত্রটি জনসাধারণের মধ্যে প্রদর্শন উপযোগী নয় বলে বিবেচিত হলে সেন্সর সনদের জন্য আবেদন অগ্রাহ্য করে তা সংশ্লিষ্ট চলচ্চিত্রের প্রযোজককে পত্রের মাধ্যমে ১৫ দিনের মধ্যে জানিয়ে দেওয়া হয়।

৫.২. প্রযোজক বোর্ডের সিদ্ধান্তের সঙ্গে দ্বিমত পোষণ করলে সরকার বরাবর ৩০ দিনের মধ্যে আপিল করলে সরকার তা গ্রহণ করেন।

৫.৩. চলচ্চিত্রটি চলচ্চিত্র আপিল কমিটি কর্তৃক পরীক্ষা করা হয়।

৫.৪. আপিল কমিটির সিদ্ধান্তে চলচ্চিত্রটি বিনা কর্তনে বা কর্তন/সংশোধন সাপেক্ষে প্রদর্শন উপযোগী বিবেচিত হলে তদানুযায়ী সেন্সর সনদপত্র প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়।

**ধাপ-৬: আপিল আবেদন অগ্রাহ্য, আপিল কমিটিতে প্রদর্শন অনুপযোগী বিবেচিত এবং সনদপত্রবিহীন চলচ্চিত্র ঘোষণা**

৬.১. আপিল আবেদন যথাযথভাবে ও নির্ধারিত সময়ের মধ্যে না হলে সরকার আবেদন অগ্রাহ্য করে।

৬.২. আপিল কমিটির কাছেও চলচ্চিত্রটি জনসাধারণের মধ্যে প্রদর্শন উপযোগী নয় মর্মে বিবেচিত হলে চলচ্চিত্রের সেন্সর সনদের আবেদন চূড়ান্তভাবে অগ্রাহ্য করা হয়।

৬.৩. সরকার কর্তৃক আপিল আবেদন অগ্রাহ্য হলে বা আপিল কমিটির বিবেচনায় চলচ্চিত্রটি জনসাধারণের মধ্যে প্রদর্শন অনুপযোগী বিবেচিত হলে চলচ্চিত্রটিকে একটি সনদপত্রবিহীন চলচ্চিত্র হিসেবে ঘোষণা করা হয়। (প্রজ্ঞাপন জারি ও গেজেট নোটিফিকেশনের মাধ্যমে)

**ধাপ-৭: চলচ্চিত্রের রিভাইজড ভার্সনের জন্য সেন্সর সনদপত্রের আবেদন**

৭.১. সনদপত্রবিহীন চলচ্চিত্র হিসেবে ঘোষিত কোনো চলচ্চিত্রের রিভাইজড ভার্সনের সেন্সর সনদপত্রের জন্য সংশ্লিষ্ট প্রযোজক আবেদন করতে পারেন।

৭.২. রিভাইজড ভার্সন প্রস্তুতের জন্য প্রযোজক মূল চলচ্চিত্রের আপত্তিকর অংশসমূহ কর্তনের পাশাপাশি প্রয়োজনীয় অন্য কোনো সংশোধন এবং নতুন দৃশ্য ও সংলাপ সংযোজন করতে পারেন।

৭.৩. চলচ্চিত্রটির রিভাইজড ভার্সন জমা দেওয়া হলে সেন্সর সনদপত্র প্রাপ্তির পূর্ণ প্রক্রিয়া নতুন করে শুরু হয়।

# বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের ২০২০-২১ সালের কার্যক্রম

## ক. সনদপত্র জারি :

২০২০-২১ সালে ২৮টি পূর্ণদৈর্ঘ্য বাংলা, ৮টি স্বল্পদৈর্ঘ্য বাংলা, ৫টি বাংলা প্রামাণ্যচিত্র, ৩৬টি পূর্ণদৈর্ঘ্য ইংরেজি চলচ্চিত্র, ১টি সাপটা চুক্তির আওতায় আমদানিকৃত বাংলা চলচ্চিত্র, ১৫টি বাংলা চলচ্চিত্রের ট্রেইলার, বিভিন্ন চলচ্চিত্র উৎসবের ২৩৪টি চলচ্চিত্র সেন্সরকরণ এবং এসবের অনুকূলে সেন্সর সনদপত্র প্রদান করা হয়। এগুলোর পৃথক পৃথক তালিকা নিম্নে প্রদত্ত হলো :

**সনদপত্রপ্রাপ্ত পূর্ণদৈর্ঘ্য বাংলা চলচ্চিত্র :**

| ক্র. নং | সেন্সরকৃত চলচ্চিত্রের নাম | সেন্সরের তারিখ | সেন্সরের ফলাফল | প্রযোজ্য ক্ষেত্রে সনদপত্র নম্বর ও তারিখ | |
|---|---|---|---|---|---|
| | | | | সনদপত্র নম্বর | তারিখ |
| ১ | রংবাজী | ১০-০৮-২০২০ | প্রদর্শন উপযোগী | এলএফ-১৬/২০২০ | ১৮-০৮-২০২০ |
| ২ | কেন সন্ত্রাসী | ২৩-১১-২০২০ | ঐ | এলএফ-২০/২০২০ | ১৫-১২-২০২০ |
| ৩ | রূপসা নদীর বাঁকে | ২৪-১১-২০২০ | ঐ | এলএফ-১৭/২০২০ | ২৬-১১-২০২০ |
| ৪ | সুবর্ণ রেখা | ২৫-১১-২০২০ | ঐ | এলএফ-১৮/২০২০ | ২৬-১১-২০২০ |
| ৫ | টুঙ্গী পাড়ার মিয়া ভাই | ০৯-১২-২০২০ | ঐ | এলএফ-১২/২০২১ | ১৪-০৩-২০২১ |
| ৬ | একজন মহান পিতা | ১৩-১২-২০২০ | ঐ | এলএফ-১৯/২০২০ | ১৭-১২-২০২০ |
| ৭ | প্রিয় কমলা | ১৩-১২-২০২০ | ঐ | এলএফ-০২/২০২১ | ১৮-০১-২০২১ |
| ৮ | অলাতচক্র (অনুদানপ্রাপ্ত) | ১৫-১২-২০২০ | ঐ | এলএফ-২১/২০২০ | ১৭-১২-২০২০ |
| ৯ | হাজার বছরের বাঙ্গালী | ২৪-১২-২০২০ | ঐ | এলএফ-২২/২০২০ | ২৯-১২-২০২০ |
| ১০ | পাপ পূণ্য | ১৩-০১-২০২১ | ঐ | এলএফ-০১/২০২১ | ১৮-০১-২০২১ |
| ১১ | মায়ার জঞ্জাল | ১৮-০১-২০২১ | ঐ | এলএফ-০৪/২০২১ | ৩১-০১-২০২১ |
| ১২ | কালবেলা | ২০-০১-২০২১ | ঐ | এলএফ-০৩/২০২১ | ২৬-০১-২০২১ |
| ১৩ | ঢাকা ড্রিম | ০৩-০২-২০২১ | ঐ | এলএফ-০৬/২০২১ | ২২-০২-২০২১ |
| ১৪ | তুমি আছো তুমি নেই | ০৭-০২-২০২১ | ঐ | এলএফ-০৫/২০২১ | ০৮-০২-২০২১ |
| ১৫ | চন্দ্রাবতী কথা (পুন:পরীক্ষণ) | ১৭-০২-২০২১ | ঐ | এলএফ-০৭/২০২১ | ২৮-০২-২০২১ |
| ১৬ | যৈবতী কন্যার মন (অনুদানপ্রাপ্ত) | ০৩-০৩-২০২১ | ঐ | এলএফ-০৮/২০২১ | ০৪-০৩-২০২১ |
| ১৭ | ও মাই লাভ | ০৪-০৩-২০২১ | ঐ | এলএফ-০৯/২০২১ | ০৯-০৩-২০২১ |
| ১৮ | ডেঞ্জার জোন | ০৮-০৩-২০২১ | ঐ | এলএফ-১১/২০২১ | ১০-০৩-২০২১ |
| ১৯ | ডাইরেক্ট এ্যাটাক | ০৯-০৩-২০২১ | ঐ | এলএফ-১০/২০২১ | ১০-০৩-২০২১ |
| ২০ | স্ফুলিঙ্গ | ১৪-০৩-২০২১ | ঐ | এলএফ-১৩/২০২১ | ১৬-০৩-২০২১ |
| ২১ | কসাই | ১৬-০৩-২০২১ | ঐ | এলএফ-২৩/২০২১ | ২৭-০৬-২০২১ |
| ২২ | প্রেমে অনেক জ্বালা | ১৮-০৩-২০২১ | ঐ | এলএফ-১৫/২০২১ | ০৪-০৪-২০২১ |
| ২৩ | হডসনের বন্ধুক | ২৮-০৩-২০২১ | ঐ | এলএফ-১৬/২০২১ | ০৩-০৬-২০২১ |
| ২৪ | আগামীকাল | ০১-০৬-২০২১ | ঐ | এলএফ-১৭/২০২১ | ০৩-০৬-২০২১ |
| ২৫ | লকডাউন (লাভ স্টোরী) | ০৩-০৬-২০২১ | ঐ | এলএফ-১৮/২০২১ | ০৩-০৬-২০২১ |
| ২৬ | চোখ | ০৫-০৬-২০২১ | ঐ | এলএফ-১৯/২০২১ | ০৬-০৬-২০২১ |
| ২৭ | পরাণে পরাণ বাধিয়া | ০৬-০৬-২০২১ | ঐ | এলএফ-২০/২০২১ | ০৯-০৬-২০২১ |
| ২৮ | ময়নার শেষকথা | ০৭-০৬-২০২১ | ঐ | এলএফ-২১/২০২১ | ১৩-০৬-২০২১ |

**সাপটা চুক্তির আওতায় আমদানিকৃত সনদপত্রপ্রাপ্ত বাংলা চলচ্চিত্র :**

| ক্র. নং | সেন্সরকৃত চলচ্চিত্রের নাম | সেন্সরের তারিখ | সেন্সরের ফলাফল | প্রযোজ্য ক্ষেত্রে সনদপত্র নম্বর ও তারিখ | |
|---|---|---|---|---|---|
| | | | | সনদপত্র নম্বর | তারিখ |
| ১ | বাজী (আমদানীকৃত) | ০২-০৬-২০২১ | প্রদর্শন উপযোগী | এফসিএফ-০১/২০২১ | ০৩-০৬-২০২১ |

**সনদপত্রপ্রাপ্ত স্বল্পদৈর্ঘ্য বাংলা চলচ্চিত্র :**

| ক্র. নং | সেন্সরকৃত চলচ্চিত্রের নাম | সেন্সরের তারিখ | সেন্সরের ফলাফল | প্রযোজ্য ক্ষেত্রে সনদপত্র নম্বর ও তারিখ | |
|---|---|---|---|---|---|
| | | | | সনদপত্র নম্বর | তারিখ |
| ১ | আমার বাবার নাম | ২৬-০৭-২০২০ | প্রদর্শন উপযোগী | স্ব: বা: ০২/২০২০ | ২৯-০৭-২০২০ |
| ২ | সাদা গোলাপ | ১২-০৮-২০২০ | ঐ | স্ব: বা: ০৩/২০২০ | ১৮-০৮-২০২০ |
| ৩ | ও সোহাগী | ২৩-১১-২০২০ | ঐ | স্ব: বা: ০১/২০২১ | ২৬-০১-২০২১ |
| ৪ | কোথায় পাবো তারে | ১৪-১২-২০২০ | ঐ | স্ব: বা: ০৪/২০১৯ | ১৫-১২-২০২০ |
| ৫ | ফেরা | ১৫-১২-২০২০ | ঐ | স্ব: বা: ০৬/২০১৯ | ২৪-১২-২০২০ |
| ৬ | আড়ং | ২০-১২-২০২০ | ঐ | স্ব: বা: ০৫/২০১৯ | ২২-১২-২০২০ |
| ৭ | আতর | ৩১-১২-২০২০ | ঐ | স্ব: বা: ০৭/২০১৯ | ৩১-১২-২০২০ |
| ৮ | ধড় | ০৪-০২-২০২১ | | স্ব: বা: ০২/২০২১ | ১৪-০২-২০২১ |

**সনদপত্রপ্রাপ্ত প্রামাণ্য চলচ্চিত্র :**

| ক্র. নং | সেন্সরকৃত চলচ্চিত্রের নাম | সেন্সরের তারিখ | সেন্সরের ফলাফল | প্রযোজ্য ক্ষেত্রে সনদপত্র নম্বর ও তারিখ | |
|---|---|---|---|---|---|
| | | | | সনদপত্র নম্বর | তারিখ |
| ১ | বায়োগ্রাফি অব নজরুল | ২৮-০৭-২০২০ | ঐ | বা: প্রা: ০৩/২০২০ | ২৯-০৭-২০২০ |
| ২ | বঙ্গবন্ধুর রাজনৈতিক জীবন ও বাংলাদেশের অভ্যুদয় | ২৩-০৮-২০২০ | ঐ | বা: প্রা: ০৪/২০২০ | ২১-০৯-২০২০ |
| ৩ | রথ যাত্রার বাকি ইতিহাস | ২৬-১১-২০২০ | ঐ | বা: প্রা: ০৬/২০২০ | ২৯-১১-২০২০ |
| ৪ | স্বাধীনতার ডাকটিকিট | ২৬-১১-২০২০ | ঐ | বা: প্রা: ০৭/২০২০ | ২৯-১১-২০২০ |
| ৫ | আনওয়ানটেড টুইন | ০৪-০২-২০২১ | | বা: প্রা: -১/২০২১ | ১৪-০২-২০২১ |

**সনদপত্রপ্রাপ্ত পূর্ণদৈর্ঘ্য ইংরেজি চলচ্চিত্র :**

| ক্র. নং | সেন্সরকৃত চলচ্চিত্রের নাম | সেন্সরের তারিখ | সেন্সরের ফলাফল | প্রযোজ্য ক্ষেত্রে সনদপত্র নম্বর ও তারিখ | |
|---|---|---|---|---|---|
| | | | | সনদপত্র নম্বর | তারিখ |
| 1 | The Quake | 12-10-2020 | প্রদর্শন উপযোগী | FCF-14/2020 | 19-10-2020 |
| 2 | Mulan | 14-10-2020 | ঐ | FCF-16/2020 | 19-10-2020 |
| 3 | Samson | 15-10-2020 | ঐ | FCF-15/2020 | 19-10-2020 |
| 4 | Tenet | 22-10-2020 | ঐ | FCF-17/2020 | 22-10-2020 |
| 5 | I Still Believe | 17-11-2020 | ঐ | FCF-18/2020 | 22-11-2020 |
| 6 | The Rental | 18-11-2020 | ঐ | FCF-19/2020 | 22-11-2020 |
| 7 | Force of Nature | 18-11-2020 | ঐ | FCF-20/2020 | 22-11-2020 |
| 8 | 1917 | 17-12-2020 | ঐ | FCF-22/2020 | 17-12-2020 |
| 9 | Unhinged | 17-12-2020 | ঐ | FCF-21/2020 | 17-12-2020 |
| 10 | Run | 22-12-2020 | ঐ | FCF-23/2020 | 23-12-2020 |
| 11 | Antebellum | 22-12-2020 | ঐ | FCF-24/2020 | 23-12-2020 |
| 12 | Soul | 23-12-2020 | ঐ | FCF-25/2020 | 24-12-2020 |
| 13 | Wonder Woman 1984 | 23-12-2020 | ঐ | FCF-26/2020 | 24-12-2020 |
| 14 | Monster Hunter | 23-12-2020 | ঐ | FCF-27/2020 | 24-12-2020 |
| 15 | Misbehaviour | 03-02-2021 | ঐ | FCF-28/2020 | 04-02-2021 |
| 16 | Crypto | 09-02-2021 | ঐ | FCF-29/2020 | 11-02-2021 |
| 17 | Tom and Jerry | 25-02-2021 | ঐ | FCF-30/2020 | 28-02-2021 |
| 18 | Raya and the Last Dragon | 25-02-2021 | ঐ | FCF-04/2021 | 25-02-2021 |
| 19 | The Rekoning | 25-02-2021 | ঐ | FCF-05/2021 | 25-02-2021 |
| 20 | Godzilla Vs Kong | 22-03-2021 | ঐ | FCF-06/2021 | 23-03-2021 |
| 21 | Mortal Kombat | 05-06-2021 | ঐ | FCF-07/2021 | 06-06-2021 |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 22 | The Conjuring : The Devil Made Me Do It | 09-06-2021 | ঐ | FCF-08/2021 | 14-06-2021 |
| 23 | Demon Slayer : Kimetsu no Yaiba the Movie: Mugen Train | 09-06-2021 | ঐ | FCF-09/2021 | 14-06-2021 |
| 24 | Cruella | 10-06-2021 | ঐ | FCF-10/2021 | 14-06-2021 |
| 25 | Voyagers | 10-06-2021 | ঐ | FCF-11/2021 | 14-06-2021 |
| 26 | Barb and Star Go to Vista Del Mar | 12-06-2021 | ঐ | FCF-12/2021 | 14-06-2021 |
| 27 | Choas Walkin | 12-06-2021 | ঐ | FCF-13/2021 | 14-06-2021 |
| 28 | Arthur & Merlin : Knights of Camelot | 12-06-2021 | ঐ | FCF-14/2021 | 14-06-2021 |
| 29 | Spiral : From the Book of Saw | 12-06-2021 | ঐ | FCF-15/2021 | 14-06-2021 |
| 30 | Luca | 23-06-2021 | ঐ | FCF-16/2021 | 27-06-2021 |
| 31 | A Small September Affair | 24-06-2021 | ঐ | FCF-17/2021 | 27-06-2021 |
| 32 | Inside | 24-06-2021 | ঐ | FCF-18/2021 | 27-06-2021 |
| 33 | Miracle in Cell No. 7 | 24-06-2021 | ঐ | FCF-19/2021 | 27-06-2021 |
| 34 | Cute & Dangerous | 26-06-2021 | ঐ | FCF-20/2021 | 27-06-2021 |
| 35 | Cult X | 26-06-2021 | ঐ | FCF-21/2021 | 27-06-2021 |
| 36 | Crazy Honey | 26-06-2021 | ঐ | FCF-22/2021 | 27-06-2021 |

**সনদপত্রপ্রাপ্ত বাংলা ট্রেইলার :**

| ক্র. নং | সেন্সরকৃত চলচ্চিত্রের নাম | সেন্সরের তারিখ | সেন্সরের ফলাফল | প্রযোজ্য ক্ষেত্রে সনদপত্র নম্বর ও তারিখ | |
|---|---|---|---|---|---|
| | | | | সনদপত্র নম্বর | তারিখ |
বোর্ডের মেয়াদ : বিধি 4 ; চেয়ারম্যানের অনুপস্থিতি - বিধি 7; বোর্ড সভা - বিধি 8; চলচ্চিত্র পরীক্ষণের জন্য কমিটি - বিধি 9; চলচ্চিত্র পরীক্ষণের জন্য অনুসরণীয় নীতিসমূহ - বিধি 13; চলচ্চিত্র প্রদর্শনের সনদপত্রের জন্য আবেদন (ফরম পদ্ধতি, ফি, প্রয়োজনীয় কাগজপত্র ইত্যাদি) - বিধি 14; সংবাদচিত্র, চলচ্চিত্র ও ট্রেইলারের সনদপত্র প্রদানের ক্ষেত্রে অনুসরণীয় প্রক্রিয়া - বিধি 16; বাংলাদেশে বিদেশি মিশনের চলচ্চিত্রের সনদপত্র প্রদান - বিধি 17; সনদপত্রপ্রাপ্ত চলচ্চিত্রে পরিবর্তন আনা - বিধি 18; সনদপত্রবিহীন চলচ্চিত্রের রিভাইজড ভার্সন জমা - বিধি 20; সনদপত্রপ্রাপ্ত চলচ্চিত্রের পুনঃপরীক্ষণ - বিধি 21; সনদপত্রের স্থগিতকরণ ইত্যাদি - বিধি 25; সরকারের নিকট আপিল - বিধি 19; শিক্ষামূলক চলচ্চিত্র - বিধি 27; বোর্ডের সদস্য ও কর্মকর্তাগণের লাইসেন্সপ্রাপ্ত স্থানে প্রবেশের ক্ষমতা - বিধি 33; বিধি ভঙ্গের বিষয়ে বোর্ডের সদস্য ও কর্মকর্তাগণের রিপোর্ট করা দায়িত্ব - বিধি 34।

**চলচ্চিত্র সেন্সরশিপ কোড :**

চলচ্চিত্র পরীক্ষণপূর্বক জনসাধারণের মধ্যে প্রদর্শন উপযোগিতা যাচাই করে সনদপত্র মঞ্জুরির বিষয় বিবেচনার জন্য সরকার ১৯৮৫ সালের ১৬ নভেম্বর The Code for Censorship of Films in Bangladesh, 1985 নামে চলচ্চিত্র সেন্সরশিপ নীতিমালা জারি করে। চলচ্চিত্র সেন্সরশিপ কোড বা নীতিমালার আলোকে জনসাধারণের মধ্যে প্রদর্শনের জন্য কোনো চলচ্চিত্রের অনুকূলে সনদপত্র জারি করা বা না করার সিদ্ধান্ত গ্রহণের জন্য নিম্নবর্ণিত বিষয়ভিত্তিক উপাদানগুলোর ওপর সেন্সর বোর্ডের সম্মানিত সদস্যগণ কর্তৃক মতামত প্রদান করা হয় :

ক. নিরাপত্তা বা আইন-শৃঙ্খলা
খ. আন্তর্জাতিক সম্পর্ক
গ. ধর্মীয় সংবেদনশীলতা
ঘ. অনৈতিকতা বা অশ্লীলতা
ঙ. পাশবিকতা
চ. অপরাধ
ছ. কুম্ভিলকবৃত্তি (নকলবাজি)
জ. বিবিধ (যৌতুক ইত্যাদি)

উল্লিখিত আটটি বিষয়ের মধ্যে প্রথম তিনটির কোনোটির জন্য ক্ষতিকর উপাদান কোনো চলচ্চিত্রে বিদ্যমান থাকলে অথবা শেষোক্ত পাঁচটির এক বা একাধিক বিষয় দ্বারা চলচ্চিত্রের দৃশ্য, সংলাপ বা কাহিনি ভারাক্রান্ত হলে চলচ্চিত্রটির সেন্সর সনদপত্র নামঞ্জুর করা হতে পারে। তবে চলচ্চিত্রের এক বা একাধিক অংশ কর্তন করলে তা জনসাধারণের মধ্যে প্রদর্শন উপযোগী বলে বিবেচিত হলে ঐরূপ কর্তন সাপেক্ষে সেন্সর সনদপত্র প্রদানের বিষয় বিবেচনায় নেয়া হয়।

**সিনেমাটোগ্রাফ আইন :**

সিনেমাটোগ্রাফের মাধ্যমে প্রদর্শনী নিয়ন্ত্রণের উদ্দেশ্যে ১৯১৮ সালে The Cinematograph Act, 1918 নামে সিনেমাটোগ্রাফ আইন প্রণীত হয়। ৬ মার্চ ১৯১৮ তারিখ প্রণীত এ আইনটি ১৯১৮ সালের ২নং আইন। ২০১৪ সালের ২২ মে সরকার সর্বসাধারণের জ্ঞাতার্থে আইনটির বাংলা অনুবাদ প্রকাশ করে।

১৯৭২ সালে রাষ্ট্রপতির আদেশ নং ৪০ দ্বারা সংশোধিত আকারে এ আইন গৃহীত হয়। ১৯৭৬ সালে একটি অধ্যাদেশ দ্বারা ডেপুটি কমিশনারকে সিনেমাটোগ্রাফের মাধ্যমে প্রদর্শন স্থানের লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ হিসেবে অভিহিত করা হয়। ১৯৮২ সালে আরেকটি অধ্যাদেশে ভিডিও ক্যাসেট রেকর্ডারকে গণপ্রদর্শনের জন্য ব্যবহার না করাসহ একাধিক সংশোধনী আনা হয়।

সিনেমাটোগ্রাফের মাধ্যমে প্রদর্শনীর জন্য প্রদর্শন স্থানের লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ হিসেবে ডেপুটি কমিশনার এ আইনের মূল প্রয়োগকারী কর্তৃপক্ষ। তবে এরূপ প্রতিটি লাইসেন্স প্রদানের ক্ষেত্রে লাইসেন্সের মাধ্যমে অনুমোদিত স্থানে কেবল চলচ্চিত্র সেন্সরশিপ আইনের অধীন গঠিত কর্তৃপক্ষ কর্তৃক সনদপত্র প্রদত্ত চলচ্চিত্র প্রদর্শনের শর্তারোপ করা হয় বলে আইনটি বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের সঙ্গে সংশ্লিষ্ট।

আইনের ধারা 3 মোতাবেক, সিনেমাটোগ্রাফের মাধ্যমে প্রদর্শনীর ক্ষেত্রে বিধান দেওয়া হয়েছে যে, এই আইনের অধীন প্রাপ্ত লাইসেন্স দ্বারা অনুমোদিত স্থানের বাইরে অন্য কোনো স্থানে অথবা লাইসেন্সে উল্লিখিত শর্তাবলি ও নিষেধাজ্ঞা অনুসরণ ব্যতিরেকে সিনেমাটোগ্রাফের মাধ্যমে কোনো প্রদর্শনী করা যাবে না। ধারা 3A মোতাবেক ভিডিও ক্যাসেট রেকর্ডার দ্বারা কোনো গণপ্রদর্শনী করা যাবে না এবং এরূপ প্রদর্শনের জন্য কোনো স্থানের অনুকূলে লাইসেন্স প্রদান করা যাবে না। এই আইন বা তদধীন প্রণীত বিধিমালা লঙ্ঘনের জন্য শাস্তির বিধান বর্ণিত হয়েছে আইনের 6 নং ধারায়।

**চলচ্চিত্র সংসদ নিবন্ধন আইন :**

চলচ্চিত্র সংসদ নিবন্ধন সংক্রান্ত পূর্বতন আইন Films Clubs (Registration And Regulation) Act, 1980 রহিত করে ২০১১ সালে চলচ্চিত্র সংসদ (নিবন্ধন) আইন, ২০১১ প্রণয়ন করা হয়। এটি ২০১১ সালের ২০নং আইন, যা ১ ডিসেম্বর ২০১১ তারিখ প্রণীত হয়। আইনটিতে মোট ১৩টি ধারা সন্নিবেশিত হয়েছে। গুরুত্বপূর্ণ ধারাগুলোর তথ্য নিম্নরূপ :

নিবন্ধন ব্যতীত চলচ্চিত্র সংসদের কার্যক্রম পরিচালনায় বিধি-নিষেধ - ধারা ৩; চলচ্চিত্র সংসদের নিবন্ধনের আবেদন (পদ্ধতি, ফি, প্রয়োজনীয় কাগজপত্র ইত্যাদি) - ধারা ৪; নিবন্ধন সনদ প্রদান (সময়সীমা ইত্যাদি) - ধারা ৫; নিবন্ধন সনদের মেয়াদ ও নবায়ন - ধারা ৬; চলচ্চিত্র প্রদর্শন (অবাণিজ্যিক প্রদর্শন, সনদপত্র/অনুমোদন গ্রহণ, প্রদর্শন সূচি জানানো ইত্যাদি) - ধারা ৭; প্রতিবেদন ইত্যাদি - ধারা ৮; নিবন্ধন সনদ বাতিল - ধারা ১০; আপিল - ধারা ১১।

# চলচ্চিত্র সেন্সরশিপ আইন ও বিধি সম্পর্কে সেবা গ্রহীতার জ্ঞাতব্য বিষয়াবলি

**১. চলচ্চিত্র সেন্সরশিপ (সংশোধিত) আইন, ২০০৬ সম্পর্কে জ্ঞাতব্য জরুরি বিধানসমূহ**

**(ক) আপিল সংক্রান্ত**

- কোনো চলচ্চিত্র পরীক্ষা করার পর বোর্ড যদি সিদ্ধান্ত গ্রহণ করে যে, চলচ্চিত্রটি জনসাধারণের মধ্যে প্রদর্শনের উপযোগী নয় তাহলে এ সিদ্ধান্ত আবেদনকারীকে সিদ্ধান্ত গ্রহণের ১৫ দিনের মধ্যে জানিয়ে দেওয়া হয়;
- আবেদনকারী এই সিদ্ধান্ত প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে বোর্ডের সিদ্ধান্তের বিরুদ্ধে সরকার বরাবর আপিল আবেদন পেশ করতে পারবেন;
- সরকার কর্তৃক গঠিত আপিল কমিটি উক্ত চলচ্চিত্র পরীক্ষার পর বোর্ডের পূর্ব সিদ্ধান্ত বহাল রাখতে পারেন অথবা পুনর্বিবেচনার জন্য বোর্ডের নিকট সিদ্ধান্ত প্রদান করতে পারেন;
- আপিল আবেদন নাকচ হলে সরকার অফিসিয়াল গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে উক্ত চলচ্চিত্রকে সমগ্র বাংলাদেশে সনদপত্রবিহীন চলচ্চিত্র হিসেবে ঘোষণা করবে।

**(খ) সনদপত্রপ্রাপ্ত চলচ্চিত্রের প্রচার সংক্রান্ত**

- যে কোনো প্রচার সামগ্রী, যেমন- স্থিরচিত্র, ডায়াগ্রাম, স্কেচ, পোস্টার, হ্যান্ডবিল ইত্যাদি কোনো প্রেক্ষাগৃহে অথবা কোনো প্রচার বোর্ডে অথবা ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের অনুমোদন ছাড়া প্রচার করা যাবে না;
- প্রচার সামগ্রীর মধ্যে প্রযোজক, পরিচালক এবং মুদ্রণকারী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীর নাম, ঠিকানা ও স্বাক্ষর উল্লেখ থাকবে;
- প্রচার সামগ্রী সংক্রান্ত উপরোক্ত আইন লঙ্ঘন করলে সংশ্লিষ্ট চলচ্চিত্রের সেন্সর সনদপত্র সাময়িকভাবে স্থগিত করাসহ সংশ্লিষ্ট প্রেক্ষাগৃহের লাইসেন্সও বাতিল করা যাবে।

**(গ) সনদপত্রপ্রাপ্ত চলচ্চিত্রসমূহ সনদপত্রবিহীন/নিষিদ্ধ করার ক্ষমতা**

- যে ক্ষেত্রে সরকার কোনো একটি অথবা এক শ্রেণির সনদপত্রপ্রাপ্ত চলচ্চিত্রকে আইনশৃঙ্খলার স্বার্থে অথবা স্থানীয় চলচ্চিত্রশিল্পের স্বার্থে অথবা অন্য যে-কোনো জাতীয় স্বার্থে সনদপত্রবিহীন/নিষিদ্ধ করা সমীচীন বলে মত পোষণ করে, সে ক্ষেত্রে দাপ্তরিক প্রজ্ঞাপন জারির মাধ্যমে সমগ্র বাংলাদেশের জন্য অথবা বাংলাদেশের যে-কোনো নির্দিষ্ট অংশের জন্য সরকার নিজ ক্ষমতাবলে ঐ জাতীয় চলচ্চিত্র (ফিল্ম) অথবা কোনো শ্রেণির চলচ্চিত্র সনদপত্রহীন ঘোষণা করতে পারেন এবং প্রদর্শন এক বা ততোধিক এলাকায় নিষিদ্ধ ঘোষণার আদেশ জারি করতে পারে।

**(ঘ) সনদপত্রপ্রাপ্ত চলচ্চিত্রসমূহের সনদপত্র স্থগিত করার ক্ষমতা**

- বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের চেয়ারম্যান যদি এ মত পোষণ করেন যে, কোনো একটি সনদপত্রপ্রাপ্ত চলচ্চিত্র জনসাধারণের মধ্যে প্রদর্শিত হওয়া উচিত নয়, তবে সেই চলচ্চিত্রের ইতঃপূর্বে জারীকৃত সনদপত্র সাময়িকভাবে স্থগিত করতে পারবেন।

**(ঙ) চলচ্চিত্রসমূহ জব্দ করার ক্ষমতা**

- যেখানে বোর্ডের এরূপ বিশ্বাস করার কারণ রয়েছে যে, কোনো স্থানে কোনো চলচ্চিত্র অথবা প্রচার সামগ্রী এ আইনের যে-কোনো ধারা লংঘন করে অথবা তদধীন বিধির যে-কোনো বিধান ভঙ্গ করে প্রদর্শন করা হচ্ছে. সে ক্ষেত্রে লিখিত আদেশ বলে সে স্থানটি অনুসন্ধান এবং চলচ্চিত্রটি অথবা প্রচার সামগ্রী বাজেয়াপ্ত করার জন্য সাব-ইন্সপেক্টরের নিম্ন পর্যায়ভুক্ত নয় এমন যে-কোনো পুলিশ কর্মকর্তা অথবা যে-কোনো জেলা তথ্য কর্মকর্তা দায়িত্ব পালন করতে পারে;
- যে পুলিশ কর্মকর্তা অথবা জেলা তথ্য কর্মকর্তা কর্তৃক চলচ্চিত্রটি বাজেয়াপ্ত করা হয়েছে তিনি সঙ্গে সঙ্গেই এটি বিজ্ঞ আদালতের নিকট প্রেরণ করবেন;
- চলচ্চিত্রটি প্রাপ্তির পর কর্তৃপক্ষ যেরূপ সমীচীন মনে করেন এ আইনের আওতায় সেরূপ ব্যবস্থা গ্রহণ করবে।

**(চ) আইন ও বিধি লঙ্ঘনের দায়ে শাস্তি প্রদানের ক্ষমতা**

- যে-কেউ সনদপত্রবিহীন অথবা বোর্ড কর্তৃক প্রদত্ত চিহ্ন পরিদৃষ্ট হয় না এমন সনদপত্রপ্রাপ্ত চলচ্চিত্র অথবা এটি পরিবর্তন অথবা কোনো উপায়ে বিকৃত বা রদবদল করে কোনো চলচ্চিত্র অথবা অননুমোদিত প্রচার সামগ্রী প্রদর্শন করলে অথবা এ আইনের যে-কোনো ধারা অথবা তদধীন বিধির যে-কোনো বিধান লঙ্ঘন করলে তা শাস্তিযোগ্য অপরাধ বলে গণ্য হবে এবং এর জন্য তিন বছরের সশ্রম কারাদণ্ড অথবা দশ হাজার টাকা জরিমানা অথবা উভয়ই প্রযোজ্য হতে পারে। এ ক্ষেত্রে ধারাবাহিকভাবে অপরাধ সংঘটন/অশালীন চলচ্চিত্র প্রদর্শনের ক্ষেত্রে প্রতিদিনের জন্য ৫ হাজার টাকা করে জরিমানার ব্যবস্থা রয়েছে;

- যেখানে কোনো ব্যক্তি যে-কোনো চলচ্চিত্রের ব্যাপারে অপরাধী সাব্যস্থ হয়ে শাস্তিপ্রাপ্ত হলে রায় প্রদানকারী আদালত চলচ্চিত্রটি সরকারের নিকট চিরতরে বাজেয়াপ্ত হয়ে যাবে বলেও নির্দেশ প্রদান করতে পারে;
- যেখানে কোনো ব্যক্তি কোনো লাইসেন্সপ্রাপ্ত স্থানে কোনো সিনেমাটোগ্রাফ চলচ্চিত্র প্রদর্শনের ব্যাপারে শাস্তিপ্রাপ্ত হলে, রায় প্রদানকারী আদালত আরো নির্দেশ প্রদান করতে পারে যে, স্থান সম্পর্কে লাইসেন্সে শর্ত থাকা সত্ত্বেও এইরূপ ঐ স্থানে অপরাধের জন্য আদালত অনধিক তিন মাস অথবা যা নির্দিষ্ট করে সে মেয়াদ পর্যন্ত কোনো সিনেমাটোগ্রাফ চলচ্চিত্র প্রদর্শন করা যাবে না।

### (ছ) বোর্ডের বিরুদ্ধে মামলা সংক্রান্ত বিষয়

- ২০০৬ সালে সংশোধিত সেন্সরশিপ আইন অনুযায়ী সরকার, বোর্ড, চেয়ারম্যান, সদস্য অথবা বোর্ডের কর্মকর্তা কর্তৃক সরল বিশ্বাসে এই আইনে গৃহীত কোনো পদক্ষেপের বিরুদ্ধে কোনো মামলা বা আইনগত কোনো পদক্ষেপ নেয়া যাবে না।

- সেন্সর বোর্ডের বক্তব্য না শুনে কোনো আদালতের পক্ষ থেকে একতরফাভাবে নিষেধাজ্ঞা/অন্তর্বর্তী নিষেধাজ্ঞা জারি করা যাবে না।

### ২. দি বাংলাদেশ সেন্সরশিপ অব ফিল্মস রুল্স, ১৯৭৭ সম্পর্কে সেবা গ্রহীতার জ্ঞাতব্য জরুরি বিধিসমূহ

- সেন্সর সনদপত্রবিহীন চলচ্চিত্রের পরিবর্তিত সংস্করণ : সরকার কর্তৃক কোনো চলচ্চিত্র গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে সনদপত্রবিহীন ঘোষণার পর আবেদনকারী এর সংশোধিত ও পরিবর্তিত সংস্করণ তৈরি করে নতুন সেন্সর সনদপত্রের জন্য নির্ধারিত ফরমে বোর্ডের নিকট আবেদন পেশ করতে পারেন।
- সনদপ্রাপ্ত চলচ্চিত্রের পুনঃপরীক্ষণ: যদি কোনো সনদপ্রাপ্ত চলচ্চিত্রকে বোর্ড কর্তৃক কোনো আদেশ বলে সাময়িকভাবে স্থগিত করা হয় অথবা কোনো ডেপুটি কমিশনার হতে অভিযোগ পাওয়া যায় অথবা কোনো ব্যক্তি বিশেষ অথবা নির্দিষ্ট কোনো গোষ্ঠীর অভিযোগ পাওয়া যায় তবে, সরকারের নির্দেশে বোর্ড কর্তৃক চলচ্চিত্রটি পুনঃপরীক্ষা করতে পারেন।
  - কোনো চলচ্চিত্র পুনঃপরীক্ষা করার পর বোর্ড এর মতামত সরকারের নিকট প্রেরণ করবে এবং সরকার এ চলচ্চিত্রটির বিষয়ে যেরূপ সমীচীন মনে করবে সেরূপ একটি আদেশ জারি করবে।
  - এ বিধির অধীন সরকারের নিকট আত্মপক্ষ সমর্থনে বক্তব্য পেশ করার সুযোগ না দিয়ে আবেদনকারীর স্বার্থ ক্ষুণ্ন হতে পারে এরূপ কোনো আদেশ জারি করা যাবে না।

- সনদপত্রের ডুপ্লিকেট কপির জন্য ফি : সনদপত্রের জন্য পৃথক কোনো ফি আদায় করা হয় না। কিন্তু এর ডুপ্লিকেট কপির জন্য ট্রেজারি চালানের মাধ্যমে পাঁচশত টাকা ফি জমা দিতে হয়।
- **সনদপত্র সাময়িক স্থগিতকরণ** : বোর্ড কর্তৃক এই বিধিসমূহের অধীন কোনো চলচ্চিত্রের জন্য যে আকারে সনদপত্র মঞ্জুর করা হয়েছে এটি ব্যতীত ভিন্ন আকারে চলচ্চিত্রটি প্রদর্শিত হলে সে চলচ্চিত্রটির সনদপত্র স্থগিত করা হবে।
- **শিক্ষামূলক চলচ্চিত্র** : এ বিষয়ে কোনো আবেদনের পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষ যদি এ মত পোষণ করেন যে, চলচ্চিত্রটি সম্পূর্ণরূপে শিক্ষামূলক, তবে সেই মর্মে সনদপত্র মঞ্জুর হয়ে থাকে এবং এ বিধির অধীন পরীক্ষণ ফি ফেরত প্রদানের ব্যবস্থা রয়েছে।

- **প্রদর্শনের সময়** : কোনো অনুমোদিত স্থানের মালিক বা স্বত্বাধিকারী বাংলাদেশে প্রযোজিত চলচ্চিত্র বছরে শতকরা ৮০ ভাগের কম প্রদর্শন করতে পারবে না এবং অবশিষ্ট সময়ে বিদেশি চলচ্চিত্র প্রদর্শন করতে পারবেন।
  - যদি কোনো লাইসেন্সপ্রাপ্ত স্থানের মালিক বা স্বত্বাধিকারী নির্ধারিত সময়সীমার অতিরিক্ত সময় বিদেশি চলচ্চিত্র প্রদর্শন করার ইচ্ছা পোষণ করেন তবে তিনি সরকারের নিকট অনুমতির জন্য আবেদন পেশ করবেন এবং সরকার এরূপভাবে উক্ত অনুমতি প্রদান করবেন যাতে এটা বার্ষিক সর্বমোট প্রদর্শন সময়কালের শতকরা ৬৫ ভাগের অধিক না হয়। তবে বিধি লঙ্ঘনের কারণে সংশিষ্ট প্রেক্ষাগৃহের এ ধরনের অনুমতিপত্র বাতিল করা হবে।
  - কোনো লাইসেন্সপ্রাপ্ত স্থানের মালিক বা স্বত্বাধিকারীকে মাসিক ভিত্তিতে চলচ্চিত্রের প্রদর্শন সময়কালের বিবরণী কর্তৃপক্ষের নিকট নির্ধারিত ফরমে পেশ করতে হয়।

- **লাইসেন্সপ্রাপ্ত স্থানে বোর্ডের সদস্য এবং কর্মকর্তাদের প্রবেশাধিকার** : বোর্ডের সদস্যগণ অথবা ক্ষমতাপ্রাপ্ত যে কোনো কর্মকর্তা অথবা এতদুদ্দেশ্যে লিখিতভাবে সভাপতি কর্তৃক প্রদত্ত ক্ষমতাপ্রাপ্ত যে-কোনো ব্যক্তি তাদের দায়িত্ব পালনের জন্য অথবা আইন এবং তদধীনে প্রণীত বিধির উদ্দেশ্য পূরণকল্পে লাইসেন্সপ্রাপ্ত স্থানে প্রবেশ করতে পারবেন।

  বোর্ডের সদস্য এবং কর্মকর্তাদের কিংবা এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা বা ব্যক্তির পরিদর্শন প্রতিবেদন লিপিবদ্ধ করার জন্য সকল সিনেমা হল এবং অডিটোরিয়াম কর্তৃপক্ষ পরিদর্শন বহি সংরক্ষণ করবে।

# সরবরাহযোগ্য তথ্যের নথিভিত্তিক শ্রেণি বিন্যাস

১। তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের যে সমস্ত তথ্য তাৎক্ষণিক বা অনূর্ধ্ব তিন দিনের মধ্যে সরবরাহ করা সম্ভব তার বিবরণ :

| ক্র. নং | শাখার নাম | প্রকাশযোগ্য তথ্য | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১ | প্রশাসন শাখা | ১. সাংগঠনিক কাঠামো<br>২. শৃঙ্খলাজনিত গৃহীত কার্যক্রম<br>৩. পিআরএল ও পেনশন সংক্রান্ত<br>৪. জনবল সংক্রান্ত<br>৫. প্রশিক্ষণ সংক্রান্ত<br>৬. কর্মকর্তাদের আর্থিক ও প্রশাসনিক মতামত সংক্রান্ত<br>৭. বর্তমান ও বিগত এক বছরের ক্রয় পরিকল্পনা সংক্রান্ত<br>৮. বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের বিরুদ্ধে বিগত এক বছরে দায়েরকৃত দেওয়ানি ও রিট মোকদ্দমা সংক্রান্ত<br>৯. উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে অন্য যে-কোনো বিষয় | কোনো তথ্যই চূড়ান্ত হওয়ার পূর্বে প্রকাশ করা যাবে না। |
| ০২ | হিসাব শাখা | ১. কর্মকর্তা/কর্মচারীদের বিগত এক বছরের বেতন ভাতা প্রদান সংক্রান্ত<br>২. বিগত এক বছরে সরবরাহ ও সেবা খাতের ব্যয় সংক্রান্ত<br>৩. বিগত এক বছরের মেরামত ও সংরক্ষণ সংক্রান্ত<br>৪. বিগত এক বছরের সম্পদ সংগ্রহ সংক্রান্ত<br>৫. বিগত এক বছরের রাজস্ব আয় সংক্রান্ত<br>৬. বিগত এক বছরের অডিট আপত্তি ও নিষ্পত্তি সংক্রান্ত<br>৭. উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে অন্য যে-কোনো বিষয় | কোনো তথ্যই চূড়ান্ত হওয়ার পূর্বে প্রকাশ করা যাবে না। |
| ০৩ | চলচ্চিত্র শাখা | ১. চলচ্চিত্র সেন্সর সংক্রান্ত<br>২. সেন্সরশিপ আইন, বিধি ও নীতিমালা সংক্রান্ত<br>৩. সিনেমাটোগ্রাফ আইন সংক্রান্ত<br>৪. ফিল্ম ক্লাবসমূহ (রেজিস্ট্রেশন ও নিয়ন্ত্রণ) আইন সংক্রান্ত<br>৫. সেন্সর বোর্ড গঠন সংক্রান্ত<br>৬. বিগত এক বছরে চলচ্চিত্রের সেন্সর সনদপত্র প্রদান সংক্রান্ত<br>৭. বিগত এক বছরে প্রচার সামগ্রীর (ট্রেইলার, পোস্টার, ফটোসেট, ব্যানার ইত্যাদি) অনুমোদন সংক্রান্ত<br>৮. বিগত এক বছরে সিনেমা হল পরিদর্শন ও গৃহীত আইনানুগ ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত<br>৯. বিগত এক বছরে জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রদান সংক্রান্ত<br>১০.বিগত এক বছরে দেশে অনুষ্ঠিত বিভিন্ন চলচ্চিত্র উৎসব এবং এ সকল উৎসবে প্রদর্শিত চলচ্চিত্র সংক্রান্ত<br>১১. বিগত এক বছরে বিদেশ থেকে আমদানিকৃত চলচ্চিত্রের অনাপত্তি (N.O.C) প্রদান সংক্রান্ত<br>১২. সরকার কর্তৃক বিগত বছরে চলচ্চিত্রে অনুদান প্রদান সংক্রান্ত<br>১৩. উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে অন্য যে-কোনো বিষয় | কোনো তথ্যই চূড়ান্ত হওয়ার পূর্বে প্রকাশ করা যাবে না। |

২।	তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের যে সমস্ত তথ্য বিশ দিনের মধ্যে সরবরাহ করা সম্ভব তার বিবরণ :

| ক্র. নং | শাখার নাম | প্রকাশযোগ্য তথ্য | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১ | প্রশাসন শাখা | ১. কর্মকর্তা/কর্মচারীদের অভিযোগ এবং গৃহীত কার্যক্রম সংক্রান্ত<br>২. জ্যৈষ্ঠতা নির্ধারণ ও স্থায়ীকরণ সংক্রান্ত<br>৩. দক্ষতা সীমা অতিক্রম সংক্রান্ত<br>৪. নিয়োগ বিধিমালা সংক্রান্ত<br>৫. কর্মকর্তা/কর্মচারীদের পদোন্নতি সংক্রান্ত<br>৬. উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে অন্য যে-কোনো বিষয় | কোনো তথ্যই চূড়ান্ত হওয়ার পূর্বে প্রকাশ করা যাবে না। |
| ০২ | হিসাব শাখা | ১. কর্মকর্তা/কর্মচারীদের বিগত পাঁচ বছরের বেতন ভাতা প্রদান সংক্রান্ত<br>২. বিগত পাঁচ বছরে সরবরাহ ও সেবা খাতের ব্যয় সংক্রান্ত<br>৩. বিগত পাঁচ বছরের মেরামত ও সংরক্ষণ সংক্রান্ত<br>৪. বিগত পাঁচ বছরের সম্পদ সংগ্রহ সংক্রান্ত<br>৫. বিগত পাঁচ বছরের রাজস্ব আয় সংক্রান্ত<br>৬. দপ্তরের অডিট আপত্তি ও নিষ্পত্তি সংক্রান্ত<br>৭. উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে অন্য যে-কোনো বিষয় | কোনো তথ্যই চূড়ান্ত হওয়ার পূর্বে প্রকাশ করা যাবে না। |
| ০৩ | চলচ্চিত্র শাখা | ১. চলচ্চিত্র সংক্রান্ত বিস্তারিত তথ্য<br>২. বিগত পাঁচ বছরে সেন্সর বোর্ড গঠন সংক্রান্ত<br>৩. বিগত পাঁচ বছরে চলচ্চিত্রের সেন্সর সনদপত্র প্রদান সংক্রান্ত<br>৪. বিগত পাঁচ বছরে প্রচার সামগ্রীর (ট্রেইলার, পোস্টার, ফটোসেট, ব্যানার ইত্যাদি) অনুমোদন সংক্রান্ত<br>৫. বিগত পাঁচ বছরে সিনেমা হল পরিদর্শন ও গৃহীত আইনানুগ ব্যবস্থা সংক্রান্ত<br>৬. বিগত পাঁচ বছরে জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রদান সংক্রান্ত<br>৭. বিগত পাঁচ বছরে দেশে অনুষ্ঠিত বিভিন্ন চলচ্চিত্র উৎসব এবং এ সকল উৎসবে প্রদর্শিত চলচ্চিত্র সংক্রান্ত<br>৮. বিগত পাঁচ বছরে বিদেশ থেকে আমদানিকৃত চলচ্চিত্রের অনাপত্তি (N.O.C) প্রদান সংক্রান্ত<br>৯. উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে অন্য যে-কোনো বিষয় | কোনো তথ্যই চূড়ান্ত হওয়ার পূর্বে প্রকাশ করা যাবে না। |

# বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড সংক্রান্ত তথ্য প্রদান

### তথ্য প্রদান সংক্রান্ত বিষয়ে আপিল কর্তৃপক্ষের নাম ও ঠিকানা

| ক্র. নং | তথ্য প্রদান সংক্রান্ত আপিল কর্তৃপক্ষের নাম | পদবি | ফোন, ই-মেইল, ফ্যাক্স |
|---|---|---|---|
| ০১ | জনাব মো: মকবুল হোসেন | সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | ২২৩৩৫৬৬১৮<br>secretary@moi.gov.bd |

এ দপ্তরের কার্যক্রম সংক্রান্ত বিষয়ে চলচ্চিত্রের প্রযোজক, পরিচালক, বিভিন্ন গণমাধ্যম কর্মী, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীগণ, সমাজকর্মীসহ আগ্রহী ব্যক্তিবর্গ এ দপ্তর থেকে বিভিন্ন সময়ে তথ্য সংগ্রহ করে থাকেন। তথ্য প্রদানের জন্য এ দপ্তরের দায়িত্বপ্রাপ্ত একজন কর্মকর্তা রয়েছেন। তথ্য প্রদানকারী কর্মকর্তাকে সহায়তা করার জন্য একটি সেল রয়েছে।

### তথ্য প্রদান সেল

| ক্র. নং | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/সহায়তা প্রদানকারী কর্মকর্তা/ কর্মচারীর নাম | পদবি | ফোন, ই-মেইল, ফ্যাক্স |
|---|---|---|---|
| ০১ | জনাব মো. মমিনুল হক | সচিব<br>ও<br>তথ্য প্রদানের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা<br>বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড। | ৮৩০০৬২৩ (অফিস)<br>০১৭১১-১৭৬১১০ (মোবাইল)<br>৮৩০০৬২৫ (ফ্যাক্স)<br>E-mail: secretarybfcb@yahoo.com |
| ০২ | জনাব মো. ওবাইদুল কবির মোল্লা | চলচ্চিত্র পরিদর্শক<br>ও<br>তথ্য প্রদানে সহায়তাকারী কর্মকর্তা<br>বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড। | ৮৩০০৬২৪ (অফিস)<br>০১৭১২-৮৪০৪২৯ (মোবাইল)<br>৮৩০০৬২৫ (ফ্যাক্স)<br>E-mail: kabirbfcb@gmail.com |
| ০৩ | জনাব মোহাম্মদ সফিকুল ইসলাম | উচ্চমান সহকারী<br>ও<br>তথ্য প্রদানে সহায়তাকারী কর্মচারী<br>বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড। | ৮৩০০৬২৪ (অফিস)<br>০১৭১২-৫৩২৩১৬ (মোবাইল)<br>৮৩০০৬২৫ (ফ্যাক্স)<br>E-mail: safiqul.islam83@yahoo.com |

# চলচ্চিত্রের সনদপত্র প্রাপ্তি সংক্রান্ত সেবা প্রদান পদ্ধতি

কোনো চলচ্চিত্রের সেন্সর সনদপত্র প্রাপ্তির লক্ষ্যে বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডে নির্ধারিত ফরমে আবেদন করতে হয়। আবেদনপত্রের সঙ্গে নিম্নে বর্ণিত প্রয়োজনীয় তথ্যাদি প্রদান করতে হয় :

| ক্র. নং | চলচ্চিত্রের প্রকৃতি | আবশ্যকীয় তথ্যাদি |
|---|---|---|
| (ক) | পূর্ণদৈর্ঘ্য বাংলা চলচ্চিত্র (৩৫ মি. মি./১৬ মি. মি./ ডিজিটাল) | (১) নির্ধারিত ফরমে পূরণকৃত আবেদনপত্র ;<br>(২) নির্ধারিত ঘোষণাপত্র ;<br>(৩) পরীক্ষণ ও স্ক্রিনিং ফি বাবদ সরকারের রাজস্ব খাতে জমাকৃত ট্রেজারি চালানের কপি;<br>(৪) নির্ধারিত ফরমে ২০০/- টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে এফিডেভিট (প্রযোজকের-১টি, পরিচালকের ১টি, কাহিনিকারের-১টি ও সংগীত পরিচালকের-১টি) ;<br>(৫) চলচ্চিত্রটিতে ব্যবহৃত প্রতিটি গানের কথা- ৩ কপি (গীতিকার, সুরকার, কণ্ঠশিল্পী ও অভিনয় শিল্পীদের নামসহ) ;<br>(৬) শিল্পী ও কলাকুশলীদের তালিকা- ৩ কপি ;<br>(৭) কাহিনি সংক্ষেপ- ৩ কপি ;<br>(৮) সুটিং স্ক্রিপ্ট ১টি ;<br>(৯) চলচ্চিত্রটির দৈর্ঘ্য বিবরণী ;<br>(১০) বিএফডিসি'র ক্লিয়ারেন্স (চলচ্চিত্রটিটি বিএফডিসি ছাড়া অন্য কোনো স্টুডিওতে নির্মিত হলে);<br>(১১) চলচ্চিত্রটির ১টি প্রিন্ট/ডিভিডি ;<br>(১২) বাংলাদেশ ফিল্ম আর্কাইভে পুরাতন ছবির একটি কপি (প্রিন্ট/ডিভিডি) জমাদান সংক্রান্ত ছাড়পত্র। |
| (খ) | পূর্ণদৈর্ঘ্য বাংলা চলচ্চিত্রের ট্রেইলার | (১) নির্ধারিত ফরমে পূরণকৃত আবেদনপত্র ;<br>(২) পরীক্ষণ ও স্ক্রিনিং ফি বাবদ সরকারের রাজস্ব খাতে জমাকৃত ট্রেজারি চালানের কপি;<br>(৩) ট্রেইলারটির ১টি প্রিন্ট/ডিভিডি। |
| (গ) | বিজ্ঞাপন চলচ্চিত্র | (১) নির্ধারিত ফরমে পূরণকৃত আবেদনপত্র ;<br>(২) পরীক্ষণ ও স্ক্রিনিং ফি বাবদ সরকারের রাজস্ব খাতে জমাকৃত ট্রেজারি চালানের কপি;<br>(৩) বিজ্ঞাপন চলচ্চিত্রের ১টি প্রিন্ট/ডিভিডি। |
| (ঘ) | আমদানিকৃত পূর্ণদৈর্ঘ্য ইংরেজি চলচ্চিত্র | (১) নির্ধারিত ফরমে পূরণকৃত আবেদনপত্র ;<br>(২) পরীক্ষণ ও স্ক্রিনিং ফি বাবদ সরকারের রাজস্ব খাতে জমাকৃত ট্রেজারি চালানের কপি;<br>(৩) নির্ধারিত ফরমে ২০০/- টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে এফিডেভিট (আমদানিকারকের-১টি)<br>(৪) ইনভয়েসের কপি ;<br>(৫) গল্প সংক্ষেপ/প্রেস বুক ;<br>(৬) এয়ারওয়ে বিল ;<br>(৭) এল,সি,এ - এর সত্যায়িত প্রতিলিপি ;<br>(৮) বিল অব এন্ট্রির সত্যায়িত প্রতিলিপি ;<br>(৯) চুক্তিপত্রের মূল কপি ;<br>(১০) চলচ্চিত্র আমদানির এন,ও,সি'র প্রতিলিপি (বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড কর্তৃক প্রদত্ত);<br>(১১) রপ্তানিকারী দেশের প্রযোজক/পরিবেশক সমিতি থেকে প্রস্তাবিত চলচ্চিত্র সম্পর্কে রপ্তানিকারী প্রতিষ্ঠানের পরিবেশনার রাইট ও এর সঠিকতা সংক্রান্ত প্রত্যায়নপত্র ;<br>(১২) আমদানিকৃত চলচ্চিত্রের প্রিন্ট/হার্ডড্রাইভ/ডিভিডি। |
| (ঙ) | আমদানিকৃত পূর্ণদৈর্ঘ্য ইংরেজি চলচ্চিত্রটির ট্রেইলার | (১) নির্ধারিত ফরমে পূরণকৃত আবেদনপত্র;<br>(২) পরীক্ষণ ও স্ক্রিনিং ফি' বাবদ সরকারের রাজস্ব খাতে জমাকৃত ট্রেজারি চালানের কপি;<br>(৩) ট্রেইলারের প্রিন্ট/ডিভিডি। |
| (চ) | বিদেশি দূতাবাসের (অবাণিজ্যিক) চলচ্চিত্র | (১) নির্ধারিত ফরমে পূরণকৃত আবেদনপত্র;<br>(২) চলচ্চিত্রটির প্রিন্ট/ডিভিডি;<br>(৩) গল্প সংক্ষেপ/প্রেস বুক ;<br>(৪) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও পররাষ্ট্র মন্ত্রণালয়ের অনুমোদনপত্র। |

| | | |
|---|---|---|
| (ছ) | ফিল্ম ক্লাব/ ফেডারেশন/ অন্য কোনো প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত উৎসবের (অবাণিজ্যিক) চলচ্চিত্র | (১) নির্ধারিত ফরমে পূরণকৃত আবেদনপত্র;<br>(২) চলচ্চিত্রটির প্রিন্ট;<br>(৩) গল্প সংক্ষেপ/প্রেস বুক ;<br>(৪) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অনুমোদনপত্র;<br>(৫) প্রদর্শিতব্য চলচ্চিত্রসমূহের স্বত্বাধিকারীর অনুমতিপত্র;<br>(৬) পরীক্ষণ ও স্ক্রিনিং ফি' বাবদ সরকারের রাজস্ব খাতে জমাকৃত ট্রেজারি চালানের কপি; |
| (জ) | স্থিরচিত্র, পোস্টার, হ্যান্ডবিল, বিলবোর্ড, ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচারিত চলচ্চিত্র সংশ্লিষ্ট বিজ্ঞাপন | (১) নির্ধারিত ফরমে পূরণকৃত আবেদনপত্র ;<br>(২) পোস্টার/ফটোসেট ইত্যাদি প্রচার সামগ্রীর মুদ্রিতব্য ডিজাইন এবং এর প্রতিলিপি। |

**বি. দ্র.** আবেদনপত্রের নির্ধারিত ফরম, ঘোষণাপত্র, অনুমোদিত চালানপত্র, এফিডেভিটের ফরম ইত্যাদি বিনামূল্যে এ দপ্তর থেকে সরবরাহ করা হয়। এছাড়াও ফরমগুলো এ দপ্তরের ওয়েবসাইটে (www.bfcb.gov.bd) পাওয়া যায়। আবেদনপত্র সচিব, বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড বরাবর জমা দিতে হবে।

**চলচ্চিত্র পরীক্ষণ ও স্ক্রিনিং ফি-এর হার**

সেন্সর সনদপত্র প্রাপ্তির উদ্দেশ্যে কোনো চলচ্চিত্রের জন্য নির্ধারিত পরীক্ষণ ও স্ক্রিনিং ফি বাংলাদেশ ফিল্ম সেন্সরশিপ বিধি, ১৯৭৭ - এর ৩৬ বিধিতে বর্ণিত রাজস্ব হিসাবের খাত '১-৩৩৭১-০০০০-২৬৮১' এ ট্রেজারি চালান মারফত বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে জমা দিতে হয়।

**(ক) চলচ্চিত্রের পরীক্ষণ ফি**

| চলচ্চিত্রের সাইজ/ ফরম্যাট | চলচ্চিত্রের দৈর্ঘ্য | ফি-এর হার |
|---|---|---|
| ১. ৩৫ মিলিমিটার (২-ডি, ৩-ডি, সিনেমাস্কোপ, ভিস্টাভিশন) | (i) যেখানে চলচ্চিত্রের দৈর্ঘ্য ৫০০ ফুটের অধিক নয়। | ১০০০ টাকা। |
| | (ii) যেখানে চলচ্চিত্রের দৈর্ঘ্য ৩০০০ ফুটের অধিক নয়। | ৪০০০ টাকা। |
| | (iii) যেখানে চলচ্চিত্রের দৈর্ঘ্য ৩০০০ ফুটের অধিক কিন্তু ১৩০০০ ফুটের অধিক নয়। | ৪০০০ টাকাসহ ৩০০০ হাজার ফুটের অতিরিক্ত দৈর্ঘ্যের ক্ষেত্রে প্রতি ১০০০ ফুট কিংবা ইহার ভগ্নাংশের জন্য ১৫০০ টাকা। |
| | (iv) যেখানে চলচ্চিত্রের দৈর্ঘ্য ১৩০০০ ফুটের অধিক। | ১৯০০০ টাকাসহ ১৩০০০ হাজার ফুটের অতিরিক্ত দৈর্ঘ্যের ক্ষেত্রে প্রতি ১০০ ফুট অথবা ইহার ভগ্নাংশের জন্য ৩০০০ টাকা। তবে বিদেশি চলচ্চিত্রের ক্ষেত্রে ১৯০০০ টাকাসহ ১৩০০০ ফুটের অতিরিক্ত দৈর্ঘ্যের ক্ষেত্রে প্রতি ১০০ ফুট অথবা ইহার ভগ্নাংশের জন্য ২০০০ টাকা। |
| ২. ১৬ মিলিমিটার (২-ডি, ৩-ডি, সিনেমাস্কোপ, ভিস্টাভিশন) | (i) যেখানে চলচ্চিত্রের দৈর্ঘ্য ১২০০ ফুটের অধিক নয়। | টাকা ১০০০ প্রতি ৪০০ ফুট অথবা ইহার ভগ্নাংশের জন্য। |
| | (ii) যেখানে চলচ্চিত্রের দৈর্ঘ্য ১২০০ ফুটের অধিক। | ৩০০০ টাকাসহ প্রতি ৪০০ ফুট অথবা ইহার ভগ্নাংশের জন্য ১০০০ টাকা। |
| ৩। ডিজিটাল ও অন্যান্য ফরম্যাট | চলচ্চিত্রের স্থায়িত্ব (timing or running time) মিনিটে নির্ধারণ করে তাকে ৯০ দিয়ে গুণ করে ৩৫ মি. মি. চলচ্চিত্রের তুল্য দৈর্ঘ্য নির্ধারণ করা হয়। এভাবে নির্ণীত দৈর্ঘ্যের ভিত্তিতে ফি এর হার ও পরিমাণ নির্ধারণ করা হয়। | |

**(খ) চলচ্চিত্রের স্ক্রিনিং ফি**

| চলচ্চিত্রের সাইজ/ফরম্যাট | চলচ্চিত্রের দৈর্ঘ্য | ফি - এর হার |
| --- | --- | --- |
| ১. ৩৫ মিলিমিটার (২-ডি, ৩-ডি, সিনেমাস্কোপ, ভিস্টাভিশন) | ২০০০ ফুট পর্যন্ত<br>২০০০ ফুটের অধিক | ১০০০ টাকা<br>৬০০০ টাকা। |
| ২. ১৬ মিলিমিটার | ২০০০ ফুট পর্যন্ত<br>২০০০ ফুটের অধিক | ১০০০ টাকা<br>২০০০ টাকা। |
| ৩। ডিজিটাল ও অন্যান্য ফরম্যাট | চলচ্চিত্রের স্থায়িত্ব (timing or running time) মিনিটে নির্ধারণ করে তাকে ৯০ দিয়ে গুণ করে ৩৫ মি. মি. চলচ্চিত্রের তুল্য দৈর্ঘ্য নির্ধারণ করা হয়। এভাবে নির্ণীত তুল্য দৈর্ঘ্যের ভিত্তিতে ফি এর হার ও পরিমাণ নির্ধারণ করা হয়। | |

**বিদেশি মিশনসমূহকে সেবা প্রদান পদ্ধতি**

- বাংলাদেশস্থ বিদেশি মিশনসমূহ তাদের নিজস্ব কোনো সংবাদচিত্র, তথ্যচিত্র কিংবা পূর্ণদৈর্ঘ্য/স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র জনসাধারণ্যে প্রদর্শন করতে চাইলে বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড বরাবর সংশ্লিষ্ট চলচ্চিত্রের জন্য নির্ধারিত ফরমে আবেদন করতে হয়;
- আবেদনের পূর্বে পররাষ্ট্র মন্ত্রণালয় এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের যথাযথ অনুমোদন নিতে হয়। বোর্ড পরীক্ষান্তে স্থান, তারিখ উল্লেখসহ অবাণিজ্যিক ও অপ্রেক্ষাগৃহমূলক ভিত্তিতে প্রদর্শন সাপেক্ষে উক্ত চলচ্চিত্রের জন্য বিশেষ সেন্সর সনদপত্র জারি করে থাকে;
- সেন্সর আইনের সংশ্লিষ্ট ধারা অনুযায়ী দূতাবাসের চলচ্চিত্রসমূহ পরীক্ষণের জন্য কোনো পরীক্ষণ ফি ও স্ক্রিনিং ফি নেয়া হয় না;
- বিদেশি মিশনসমূহ তাদের দূতাবাসের বাইরে কোনো স্থানে নিজস্ব বা অন্য কোনো স্থানীয় চলচ্চিত্র সংসদের সাথে যৌথ উদ্যোগে তাদের নিজস্ব চলচ্চিত্র প্রদর্শন করতে চাইলে বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের পূর্বানুমতি নিতে হয়।

**আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের (অবাণিজ্যিক) চলচ্চিত্র পরীক্ষা সংক্রান্ত সেবাদান পদ্ধতি**

- ফিল্ম ক্লাব/ফেডারেশন/অন্য কোনো প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে প্রদর্শিতব্য চলচ্চিত্রসমূহ যথানিয়মে সেন্সরপূর্বক সনদপত্র গ্রহণ করতে হয়;
- এ জন্যে নির্ধারিত ফরমে আবেদনপত্রসহ চলচ্চিত্রের প্রেস বুক/কাহিনি সংক্ষেপ, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অনুমতিপত্র, পরীক্ষণ ও স্ক্রিনিং ফি জমা বাবদ চালানের কপি, সংশ্লিষ্ট চলচ্চিত্রের প্রিন্ট/ডিভিডি, প্রদর্শিতব্য চলচ্চিত্রসমূহের স্বত্বাধিকারীর অনুমতিপত্র, যে সমস্ত স্থানে উক্ত উৎসব অনুষ্ঠিত হবে তার ঠিকানা সংবলিত তালিকা ইত্যাদি জমা দিতে হয়;
- তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের শর্তাবলি পালনপূর্বক উৎসব পালিত হচ্ছে এ মর্মে একটি অঙ্গীকারনামাও দাখিল করতে হয়।

# চলচ্চিত্র সংসদ (নিবন্ধন) আইন ২০১১ এবং নিবন্ধন পদ্ধতি

বর্তমান সরকার ফিল্ম ক্লাবসমূহ (রেজিস্ট্রেশন ও নিয়ন্ত্রণ) আইন, ১৯৮০ রহিতপূর্বক 'চলচ্চিত্র সংসদ (নিবন্ধন) আইন, ২০১১' প্রণয়ন করেছে। এ আইনের আলোকে চলচ্চিত্র সংসদসমূহের নিবন্ধন সনদ প্রদান করা হয়। এ কার্যক্রমের ফলে দেশের চলচ্চিত্র সংসদের মাধ্যমে তরুণ নির্মাতারা তাদের নির্মিত চলচ্চিত্র অবাণিজ্যিক এবং অপ্রেক্ষাগৃহমূলক ভিত্তিতে খুব সহজেই প্রদর্শনের সুযোগ পাচ্ছে। এতে করে চলচ্চিত্র সংসদ আন্দোলন ইতিবাচকভাবে আরো বেগবান হয়েছে এবং ভবিষ্যৎ প্রজন্ম আধুনিক চিন্তা-চেতনায় বিশ্বাসী হয়ে গড়ে উঠছে।

চলচ্চিত্র সংসদ/ফিল্মক্লাব/সোসাইটির নিবন্ধন/নবায়নের জন্য বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডে নির্ধারিত ফরমে আবেদন করতে হয়। প্রতিটি আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র পেশ করতে হয় :

- ১৯৭৭ সালের বাংলাদেশ ফিল্ম সেন্সরশিপ বিধিমালার ৩৬ বিধিতে বর্ণিত রাজস্ব হিসাবের খাতে ট্রেজারি চালান মারফত বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংক এ নির্ধারিত রেজিস্ট্রেশন ফি জমা দেওয়ার চালানের মূল কপি'
- ফিল্ম ক্লাবের সংগঠন ও উদ্দেশ্য সম্বলিত গঠনতন্ত্র; এবং
- অন্যান্য আনুষঙ্গিক কাগজপত্র।

নিবন্ধন ও নবায়ন ফি প্রতি পাঁচ বছর মেয়াদের জন্য নিম্নোক্ত হারে প্রদান করতে হয়।

- ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী সদরে অবস্থিত ফিল্ম ক্লাবের জন্য ২৫০০ (দুই হাজার পাঁচশত) টাকা।
- অন্যান্য স্থানের জন্য ১৭৫০ (এক হাজার সাতশত পঞ্চাশ) টাকা।

২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেটে বরাদ্দকৃত অর্থের প্রকৃত খরচ ও উদ্বৃত্ত অর্থ সমর্পন সংক্রান্ত বিবরণী:

(অংকসমূহ হাজার টাকায়)

| অর্থনৈতিক কোড | হিসাব খাত | সংশোধিত বাজেট বরাদ্দ ২০২০-২১ | প্রকৃত খরচ ২০২০-২১ | উদ্বৃত্ত/ অতিরিক্ত ২০২০-২১ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| **১৩৩০৮০১** | **বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড** | | | | |
| **৩১১১** | **নগদ মজুরি ও বেতন** | | | | |
| ৩১১১১০১ | মুল বেতন (অফিসার) | ৩৩০০ | ৩০০৮ | ২৯২ | |
| ৩১১১২০১ | মুল বেতন (কর্মচারী) | ৩৪০০ | ৩০৪৯ | ৩৫১ | একজন কর্মচারী সেচ্ছায় চাকুরি হতে অব্যহতি নেয়ায় এ খাতে উদ্বৃত্ত রয়েছে। |
| ৩১১১৩০১ | দায়িত্ব ভাতা | ১৮ | ১১ | ৭ | ঐ |
| ৩১১১৩০২ | যাতায়াত ভাতা | ৯৫ | ৬৭ | ২৮ | ঐ |
| ৩১১১৩০৬ | শিক্ষা ভাতা | ১৭০ | ১৫১ | ১৯ | ঐ |
| ৩১১১৩১০ | বাড়ি ভাড়া ভাতা | ৩০০০ | ২৬৯১ | ৩০৯ | ঐ |
| ৩১১১৩১১ | চিকিৎসা ভাতা | ৫২৫ | ৪৭২ | ৫৩ | ঐ |
| ৩১১১৩১২ | মোবাইল/সেলফোন ভাতা | ৩৬ | ১৫ | ২১ | |
| ৩১১১৩১৪ | টিফিন ভাতা | ৫০ | ৪৪ | ৬ | ঐ |
| ৩১১১৩১৬ | ধোলাই ভাতা | ৬ | ৩ | ৩ | |
| ৩১১১৩২৫ | উৎসব ভাতা | ১১৫০ | ১০৯০ | ৬০ | ঐ |
| ৩১১১৩২৭ | অধিকাল ভাতা | ৩০০ | ১৯৫ | ১০৫ | লকডাউনে ওভারটাইম কম হওয়ায় এ খাতে উদ্বৃত্ত রয়েছে |
| ৩১১১৩২৮ | শ্রান্তি ও বিনোদন ভাতা | ২০০ | ১০৪ | ৯৬ | |
| ৩১১১৩৩২ | সম্মানী ভাতা | ১২৫০০ | ৯৪৯৮ | ৩০০২ | আনুপাতিক হারে চলচিত্র কম জমা পড়ায় ও সেন্সর শো কম হওয়ায় এ খাতে উদ্বৃত্ত রয়েছে। |
| ৩১১১৩৩৫ | বাংলা নববর্ষ ভাতা | ১৪০ | ১০৬ | ৩৪ | |
| ৩১১১৩৩৮ | অন্যান্য ভাতা | ৮০ | ৪২ | ৩৮ | |
| | **উপমোট-ভাতাদি:** | **২৪৯৭০** | **২০৫৪৬** | **৪৪২৪** | |
| **৩২১১** | **প্রশাসনিক ব্যয়** | | | | |
| ৩২১১১০৬ | আপ্যায়ন ব্যয় | ৬০০ | ৫২৫ | ৭৫ | সেন্সর শো ও সভা কম হওয়ায় এ খাতে উদ্বৃত্ত রয়েছে। |
| ৩২১১১০৭ | যানবাহন ব্যবহার (চুক্তিভিত্তিক) | ১৩০০ | ১১৭০ | ১৩০ | লকডাউনে ভাড়া করা গাড়ী কম চলায় এ খাতে উদ্বৃত্ত রয়েছে |
| ৩২১১১০৯ | সাকুল্য বেতন (সরকারি কর্মচারী ব্যতীত) | ২৫০ | ২৩৯ | ১১ | |
| ৩২১১১১০ | আইন সংক্রান্ত ব্যয় | ৫০ | ০ | ৫০ | |
| *৩২১১১১৩ | বিদ্যুৎ | ৩৭০ | ০ | ৩৭০ | নতুন অফিস ভবনে বিদুৎ বিল না পাওয়ায় এ খাতে উদ্বৃত্ত রয়েছে। |
| ৩২১১১১৪ | উপযোগ সেবা (Utility service) চার্জ | ৩১০ | ০ | ৩১০ | নতুন অফিস ভবনে বিল না পাওয়ায় এ খাতে উদ্বৃত্ত রয়েছে। |
| *৩২১১১১৫ | পানি | ২৩০ | ০ | ২৩০ | নতুন অফিস ভবনে পানির বিল না পাওয়ায় এ খাতে উদ্বৃত্ত রয়েছে। |
| ৩২১১১১৭ | ইন্টারনেট/ফ্যাক্স/টেলেক্স | ৩০০ | ১৯২ | ১০৮ | |
| *৩২১১১২০ | টেলিফোন | ২৮১ | ৬৩ | ২১৮ | টেলিফোন বিল কম হওয়ায় এ খাতে উদ্বৃত্ত রয়েছে। |
| ৩২১১১২৫ | প্রচার ও বিজ্ঞাপন ব্যয় | ২০০ | ১৮৮ | ১২ | |
| ৩২১১১২৬ | অডিও ভিডিও/চলচ্চিত্র নির্মাণ | ২০ | ০ | ২০ | |
| ৩২১১১২৭ | বইপত্র ও সাময়িকী | ১০০ | ৫৯ | ৪১ | |
| ৩২১১১৩০ | যাতায়াত ব্যয় | ২১০ | ১৩৫ | ৭৫ | |
| | **উপমোট-প্রশাসনিক ব্যয়:** | **৪২২১** | **২৫৭১** | **১৬৫০** | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **৩২২১** | **ফি, চার্জ ও কমিশন** | | | | |
| ৩২২১১০৯ | ব্যবস্থাপনা ব্যয় | ১০ | ০ | ১০ | |
| ৩২২১১১২ | পরীক্ষা ফি | ৩০০ | ৫০ | ২৫০ | |
| | **উপমোট- ফি, চার্জ ও কমিশন:** | **৩১০** | **৫০** | ২৬০ | |
| **৩২৩১** | **প্রশিক্ষণ** | | | | |
| ৩২৩১৩০১ | প্রশিক্ষণ | ৫০০ | ৩৩০ | ১৭০ | |
| | **উপমোট-প্রশিক্ষণ:** | **৫০০** | **৩৩০** | **১৭০** | |
| **৩২৪৩** | **পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট** | | | | |
| ৩২৪৩১০১ | পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট | ৩০০ | ১৫৪ | ১৪৬ | |
| | **উপমোট-পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট:** | **৩০০** | **১৫৪** | **১৪৬** | |
| **৩২৪৪** | **ভ্রমণ ও বদলি** | | | | |
| ৩২৪৪১০১ | ভ্রমণ ব্যয় | ৮০০ | ৬৫০ | ১৫০ | |
| | **উপমোট- ভ্রমণ ও বদলি:** | **৮০০** | **৬৫০** | **১৫০** | |
| ৩২৫৫ | **মুদ্রণ ও মনিহারি** | | | | |
| ৩২৫৫১০২ | মুদ্রণ ও বাঁধাই | **১০০** | ৫০ | **৫০** | |
| | **উপমোট মুদ্রণ ও বাধাই=** | **১০০** | **৫০** | **৫০** | |
| **৩২৫৬** | **সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রী** | | | | |
| ৩২৫৬১০৩ | ব্যবহার্য সামগ্রী | ৮০০ | ৪২১ | ৩৭৯ | |
| ৩২৫৬১০৬ | পোষাক | ২০০ | ৪৬ | ১৫৪ | |
| | **উপমোট-সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রী:** | **১০০০** | **৪৬৭** | **৫৩৩** | |
| **৩২৫৭** | **পেশাগত সেবা,সম্মানী ও বিশেষ ব্যয়** | | | | |
| ৩২৫৭১০৩ | গবেষণা | ৪০০ | ২৯৪ | ১০৬ | |
| | **উপমোট- গবেষণা** | **৪০০** | **২৯৪** | **১০৬** | |
| **৩২৫৮** | **মেরামত ও সংরক্ষণ** | | | | |
| ৩২৫৮১০১ | মোটরযান | ২৫০ | ২৩৭ | ১৩ | |
| ৩২৫৮১০২ | আসবাবপত্র | ২০০ | ৪৯ | ১৫১ | |
| ৩২৫৮১০৩ | কম্পিউটার | ৭০০ | ৬৯৯ | ১ | |
| | **উপমোট-মেরামত ও সংরক্ষণ:** | **১১৫০** | **৯৮৫** | **১৬৫** | |
| **৪১১২** | **যন্ত্রপাতি ও সরঞ্জামাদি** | | | | |
| *৪১১২২০২ | কম্পিউটার ও আনুষঙ্গিক | ৫৩০ | ৫২২ | ৮ | |
| ৪১১২৩০৩ | বৈদ্যুতিক সরঞ্জামাদি | ২০০ | ৪১ | ১৫৯ | |
| ৪১১২৩১০ | অফিস সরঞ্জামাদি | ৪০০ | ১২৭ | ২৭৩ | |
| ৪১১২৩১৪ | আসবাবপত্র | ৫০০ | ৪৬৭ | ৩৩ | |
| | **উপমোট- যন্ত্রপাতি ও সরঞ্জাম যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয়:** | **১৬৩০** | **১১৫৭** | **৪৭৩** | |
| | **সর্বমোট- বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড:** | **৩৫৩৮১** | **২৭২৫৪** | **৮১২৭** | |
| | **সর্বমোট- বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড:** | **৩৫৩৮১** | **২৭২৫৪** | **৮১২৭** | |

# সেবা প্রাপ্তির জন্য যোগাযোগ

বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের কার্যালয় তথ্য ভবন (লেভেল-১৪ ও ১৫), ১১২ সার্কিট হাউজ রোড, রমনা, ঢাকা-১০০০, ঠিকানায় সেন্সর সনদপত্রের আবেদনপত্র ও অন্যান্য আনুষঙ্গিক কাগজপত্র বিনামূল্যে পাওয়া যাবে। এছাড়া বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের নিজস্ব ওয়েব সাইট থেকে প্রয়োজনীয় তথ্য জানা যাবে।

- **ওয়েব সাইটের ঠিকানা :** www.bfcb.gov.bd
- **ই-মেইল ঠিকানা :** vicechairman@bfcb.gov.bd, secretary@bfcb.gov.bd, secretarybfcb@yahoo.com
- **টেলিফোন নম্বর :** ভাইস চেয়ারম্যান - ৮৩০০৬২০, সচিব - ৮৩০০৬২৩, পরিদর্শন শাখা - ৮৩০০৬২৪
- **ফ্যাক্স নম্বর :** ৮৩০০৬২৫

**বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের ওয়েবসাইট**

বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের নিজস্ব একটি ওয়েবসাইট রয়েছে। এ ওয়েবসাইটে The Censorship of Films Act 1963 (Amended 2006), The Bangladesh Censorship of Films Rules, 1977 এবং The Code for Censorship in Bangladesh 1985, The Cinematograph Act, 1918 (২২ মে ২০১৪ সালে বাংলা ভাষায় প্রণীত) সহ সেন্সর বোর্ড সংক্রান্ত সকল তথ্য সন্নিবেশিত রয়েছে। এছাড়া সেন্সর বোর্ডে আবেদন সংক্রান্ত সকল ফরম ওয়েবসাইটে রয়েছে। যে কোনো ব্যক্তি এ সকল তথ্য বা ডকুমেন্ট বোর্ডের ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারেন। ওয়েবসাইট ঠিকানা www.bfcb.gov.bd । এছাড়া, এ দপ্তরে ই-মেইল ঠিকানা রয়েছে। ই-মেইল ঠিকানা vicechairman@bfcb.gov.bd, secretary@bfcb.gov.bd, secretarybfcb@yahoo.com

